Solution: 'গঙ্গা' (১৯৫৭) উপন্যাসটি লিখেছেন সমরেশ বসু। এই উপন্যাসে তিনি দক্ষিণবঙ্গের নদীনালা এবং মৎসজীবী মানুষের সুখদুঃখ, জীবনযাপনের সংগ্রাম, প্রকৃতির কঠোরতা এবং সামাজিক জীবনের বৈষম্য নিয়ে স্থির, নিশ্চিত মধ্যবিত্ত জীবনের নিরাপত্তার এক বিপরীত আখ্যান। এর একদিকে আছে বাস্তব তথ্যের প্রতি নিষ্ঠা, অন্যদিকে আছে মৃত্যু ও অস্তিত্বের সংগ্রামের এক মানবিক উপলব্ধি। 'গঙ্গা' সমরেশ বসুর শ্রেষ্ঠ রচনাগুলির অন্যতম।

134.'ডিঙি টেনে বের করতে হবে।' কোন ধরনের বাক্যের উদাহরণ?

a) কর্মবাচ্য b) ভাববাচ্য
c) যৌগিক d) কর্মকর্তৃবাচ্য **ans. B**

Solution: যে বাক্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। কখনো কখনো ভাববাচ্যে কর্তা উহ্য থাকে, কর্ম দ্বারাই ভাববাচ্য গঠিত হয়। যেমনঃ এ পথে চলা যায় না।
এবার ট্রেনে ওঠা যাক। কোথা থেকে আসা হচ্ছে?

Recent Publication

135. **বাংলা সাহিত্যে 'কালকূট' নামে পরিচিত কোন লেখক?**

a) সমরেশ মজুমদার b) শওকত ওসমান

c) আলাউদ্দিন আল আজাদ d) সমরেশ বসু ***ans.* D**

Solution: 'কালকূট' হলো সমরেশ বসুর ছদ্মনাম।

প্রকৃত নাম	ছদ্মনাম/ লেখক নাম
কালী প্রসন্ন সিংহ	হুতোম পেঁচা
চারুচন্দ্র চক্রবর্তী	জরাসন্ধ
প্রেমেন্দ্র মিত্র	কৃত্তিবাস ভদ্র
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
মধুসদন মজুমদার	দৃষ্টিহীন

136. **'Shylock' is a character in the play**

a) Romeo and Juliet

b) Measure for Measure

c) The Merchant of Venice

d) Twelfth Night ***ans.* C**

Solution: The Maerchant of venice হলো Shakespeare এর একটি বিখ্যাত কমেডি নাটক। এই নাটকে এন্টোনিও ভেনিসের একজন ধনাঢ্য ব্যবসায়ী যাকে সবাই তার Generocity'র জন্য ভালোবাসে। বিনা সুদে তিনি সবাইকে অর্থ ধার দিতেন। অন্যদিকে ধনী ইহুদী শাইলক সুদ ব্যতিত টাকা ধার দেন না। শাইলক মূলত নির্দয় সুদখোর হিসেবে পরিচিত। এই নাটকের অন্যান্য চরিত্রগুলো হলো Portia, Bassanio, Gratiano, Gobbo, Salarino, Solanio ইত্যাদি।

137. **'Vanity Fair' is a novel written by -**

a) D. H. Lawrence

b) William Makepeace Thackeray

c) Joseph Conrad

d) Virgina Woolf ***ans.* B**

Solution: William Makepeace Thackeray (1811 - 1863) কলকাতায় জন্মগ্রহণ করেন এবং ১৮৬৩ সালে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তাঁকে কেনসাল গ্রীন সমাধি ভূমিতে সমাধিস্থ করা হয়। তাঁর উল্লেখযোগ্য সাহিত্য কর্ম গুলি হলো- *i*) Catherine, *ii*) A Shabby Genteel Story, *iii*) Pendennis, *iv*) Men's Wives, *v*) The newcomes, *vi*) The Rose & the Ring ইত্যাদি।

138. **'Pip' is the protagonist in Charles Dickens novel**

a) A Christmas Carol

b) A Tale of Two Cities

c) Oliver Twist

d) Great Expectations ***ans.* D**

Solution: 'Great Expectations' উপন্যাসটি Charles Dickens এর সবচেয়ে বিখ্যাত উপন্যাস। এই উপন্যাসে মা-বাবা হারানো অনাথ বালক হলো পিপ একমাত্র বোনের পরিবারে আশ্রিত পিপ। বোন আবার বড়ই খিটখিটে স্বভাবের। বোন পিপের উপর নির্যাতন করলেও পিপের ভগ্নিপতি ছিল বড়ই দয়ালু স্বভাবের। এরকম নানা টানাপোড়েনের মধ্যে দিয়ে চলে উপন্যাসটির কাহিনি। এই উপন্যাসের আরো কিছু উল্লেখযোগ্য চরিত্র হলো - এস্টেলা, মিস হাভিশাম, ম্যাগউইচ, জো ইত্যাদি।

139. **'Lady Chatterley's Lover' was written by the author of**

a) Lord Jim b) The Rainbow

c) A Passage to India d) Ulysses ***ans.* B**

Solution: David Herbert Lawrence একজন বিখ্যাত আধুনিক Novelist. তাঁর বিখ্যাত উপন্যাসগুলি হলো, "The White Peacock", "Sons & Lovers", "The Rainbow", "Lady chatterley's lover", A Modern Lover". লেখক Lady Chatterley's Lover উপন্যাসে মানুষের জৈবিক সম্পর্ককে একটি সুস্পষ্ঠ সামাজি রূপে বর্ণনা করেছেন।

140. **Identify the word that can be used as both singular and plural:**

a) wood b) issue

c) fish d) light ***ans.* C**

Solution: যথাক্রমে একক ও সমষ্টিগত অর্থে Fish (মাছ) singular ও plural উভয় হিসেবেই ব্যবহৃত হয়। এরকম বেশ কিছু শব্দ আছে যাদের উভয় রূপই এক। যেমন: Deer, dozen, apparatus, sheep, score, furniture ইত্যাদি।

141. **Find out the correct passive form of the sentences 'Who taught you French?'**

a) By whom you were taught French?

b) By whom French was taught you?

c) French was taught you by whom?

d) By whom were you taught French? ***ans.* D**

Solution: Who যুক্ত interrogative বাক্যকে Passive করার নিয়ম - By whom + tense অনুযায়ী Auxiliary verb (am, is are, was, were) + subject + verb এর Past Participle রূপ + ?

তবে উল্লেখ থাকে যে, Auxiliary verb দুটি থাকলে প্রথম subject এর আগে একটি ও দ্বিতীয় subject এর পরে আরেকটি বসে।

বাক্যের অর্থঃ কার মাধ্যমে তুমি ফ্রেঞ্চ ভাষা শিখেছিলে?

142. **"The old man was tired of walking." Here 'walking' is a/an**

a) present participle b) adjective

c) common noun d) gerund ***ans.* D**

Solution: সাধারণত Walk একটি Verb. বাক্যটি 'ing' যুক্ত Walk একই সাথে Verb ও Noun হিসেবে কাজ করছে বলে এটি Gerund হবে। তাছাড়া বাক্যটিতে

Recent Publication

Walking শব্দটি 'of' এর Object রূপে কাজ করছে বলে Walking অবশ্যই Gerund হবে।

বাক্যের অর্থঃ বৃদ্ধ লোকটি হাটতে হাটতে ক্লান্ত।

***143.*Which one is a correct sentence?**

a) The doctor found my pulse.
b) The doctor took my pulse.
c) The doctor examined my pulse.
d) The doctor saw my pulse. ***ans.* B**

Solution: ধমনী বা নাড়ির নিয়মিত স্পন্দন পরীক্ষা করা অর্থে take/check/feel somebody's pulse এই phrase টি ব্যবহৃত হয়। যেমনঃ A nurse came in & took his pulse. The doctor felt the patient's pulse.

বাক্যের অর্থঃ ডাক্তার আমার নাড়ির স্পন্দন পরীক্ষা করলেন।

***144.*'I will not let you go.' In this sentence 'go' is a/an**

a) infinitive b) gerund
c) participle d) verbal noun ***ans.* A**

Solution: প্রায়শই infinite এর পূর্বে to বসে থাকে, তবে এটি না বসলেও বাক্যে কোনো শব্দ Infinitive হিসেবে ব্যবহৃত হতে পারে। কিছু কিছু শব্দ যেমন bid, let, make, need, dare, see, hear ইত্যাদির 'to' ছাড়াও infinitive এর ব্যবহার লক্ষ্য করা যায়। যেমনঃ

I will not let you go. Bid him go there.
Let him sit here.

বাক্যের অর্থঃ আমি তোমাকে যেত দিব না।

***145.*When Ushashi entered _____ the room everybody stopped talking.**

a) into b) no preposition
c) to d) in ***ans.* B**

Solution: ইংরেজি বাক্যে কিছু কিছু শব্দের পর কোনো Preposition না বসে সরাসরি Object বসে। কারণ ঐ সকল শব্দগুলো হলো Transitive verb (সকর্মক ক্রিয়া). বাক্যের Enter একটি transitive verb, তাই এরপর কোনো Preposition বসবে না। এরকম আরো কিছু Transitive verb এর উদাহরণ হলোঃ Reach, meet, join, discuss, emphasize, comprise, recommend, resemble, violate, await ইত্যাদি।

বাক্যের অর্থঃ যখন Ushahi কক্ষে প্রবেশ করলেন তখন সবাই কথা বন্ধ করে দিলো।

***146.*The play 'The Birthday Party' is written by**

a) Samuel Beckett b) Henry Livings
c) Harold Pinter d) Arthur Miller ***ans.* C**

Solution: Harold Pinter (1930 - 2008) ছিলেন একজন ইংরেজ অভিনেতা, নাট্যকার এবং পরিচালক। তিনি ২০০৫ সালে সাহিত্যে নোবেল পান। তাঁর বিখ্যাত সাহিত্য কর্মগুলো হলো - The Birthday Party, The Homecoming, Betraya ইত্যাদি।

***147.*Who is the author of the first scientific romance 'The Time Machine'?**

a) H. G. Wells b) Samuel Butler
c) George Moore d) Henry James ***ans.* A**

Solution: Herbert George Wells হলেন একজন বিখ্যাত বৈজ্ঞানিক কল্পকাহিনি রচয়িতা। 'The Time Machine' তাঁর একটি অনবদ্য সৃষ্টি। এই উপন্যাসে টাইম মেশিনে করে এক ব্যক্তি মহাশূন্যে ভ্রমন করে শান্তি প্রিয় এক প্রাণির দেখা পায়। তাকে ডুবে যাওয়া থেকে বাঁচালে লোকটির সাথে তার বন্ধুত্ব হয়। মূলত ভবিষ্যতের পৃথিবী ভ্রমন নিয়েই বিজ্ঞানের কাল্পনিক রোমাঞ্চ ফুটে উঠে এই উপন্যাসে। তাঁর আরেকটি বিখ্যাত গ্রন্থ হলো 'The Invisible Man'.

***148.*'Call me if you have any problems regarding your work.' Here 'regarding' is a/an**

a) gerund b) apposition
c) preposition d) conjunction ***ans.* C**

Solution: Preposition এর সংজ্ঞা থেকে আমরা জানি যে, যে সকল শব্দ কোনো Noun বা Noun phrase বা Pronoun এর পূর্বে বসে তার সাথে বাক্যের অন্য শব্দের সম্পর্ক নির্দেশ করে তাকে Prepostion বলে। উপরিউক্ত বাক্যে your work হলো একটি Noun phrase. তাই এর পূর্বে ব্যবহৃত regarding হলো একটি Preposition.

বাক্যের অর্থঃ তোমার কাজ সংক্রান্ত কোনো সমস্যা হলে আমাকে ডেকো।

***149.*Select the correct comparative form of the sentence 'A string of pearls was no so bright as her teeth.'**

a) Her teeth were more brighter than a string of pearls.
b) Her teeth were brighter than a string of pearls.
c) A string of pearls was brighter than her teeth.
d) A string of pearls were very bright than her teeth. ***ans.* B**

Recent Publication

Solution: এক্ষেত্রে Positive degree কে Comparative degree তে রূপান্তরের নিয়ম হলো: Second subject (Her teeth) + verb এর Comparative রূপ (এখানে Brighter) + than + First subject. তাই সঠিক উত্তর হলো *b*).

বাক্যের অর্থঃ মুক্তামালার চেয়ে তার দাঁতগুলো উজ্জল ছিল।

150. **'Come on, it's time to go home.' Here 'home' is a/an**

a) noun b) verb
c) adjective d) adverb **ans. D**

Solution: বাক্যে অবস্থিত কোনো verb কে কখন, কোথায়, কিভাবে দ্বারা প্রশ্ন করলে যে শব্দকে উত্তর হিসেবে পাওয়া যায় তাই হলো Adverb. সাধারণত Get, Go, Stay, Walk প্রভৃতি verb এরপর Home থাকলে তা কোনো স্থানকে নির্দেশ করে বলে তা Adverb.

বাক্যের অর্থঃ চলে এসো, এখন বাড়ি যাবার সময় হয়েছে।

151. **'Huffing and puffing, we arrived at the classroom door with only seven seconds to spare.' In this sentence the verb 'arrived' is**

a) intransitive b) transitive
c) causative d) defective **ans. A**

Solution: আমরা জানি ইংরেজি বাক্যে transitive verb এর পর কোনো Preposition বসে না। যেমন পৌছানো অর্থে reach হলো transitive verb. এর সমার্থক হলো Arrive at যা intransitive verb. এছাড়া প্রদত্ত বাক্যে Arrived at এর পরে Adverbial phrase হয়েছে। তাই Arrived at হবে intransitive verb.

বাক্যের অর্থঃ হন্ত দন্ত করে আমরা ক্লাস শুরুর মাত্র সাত সেকেন্ড পূর্বে দরজার সামনে গিয়ে হাজির হয়েছিলাম।

152. **Which one of the following is a common gender?**

a) king b) sovereign
c) emperor d) queen **ans. B**

Solution:

Masculine	Feminine
King (রাজা)	Queen (রাণী)
Emperor (সম্রাট)	Empress (সম্রাজ্ঞী)

কিন্তু কিছু Common Gender হলো Monarch (অধিরাজ), Sovereign (সার্বভৌম), Sheep (মেষ), calf (বাছুর), pig (শুকর ছানা), Person, Parent, Spouse (স্বামী বা স্ত্রী), child, Baby, Teacher, Student, Servant (ভৃত্য), Sibling (ভাই বা বোন), Horse ইত্যাদি।

153. **'To win a prize is my ambition.' The underlined part of the sentence is a/an**

a) adjective phrase
b) noun phrase
c) conjunctional phrase
d) adverb phrase **ans. B**

Solution: ইংরেজি বাক্যে verb এর subject, transitive verb এর object রূপে কোনো phrase ব্যবহৃত হলে তা অবশ্যই Noun phrase হবে। কাজেই, Gerund বা infinitive phrase যদি কোনো verb এর subject বা object হয় তবে তা অবশ্যই Noun phrase হবে। যেমন: Hanjala loves to issue harse order. Yamin enjoy playing football. To ride well requires practice.

বাক্যের অর্থঃ পুরস্কার জেতা আমার একটি আকাঙ্ক্ষিত লক্ষ্য।

154. **Choose the word opposite in meaning to 'terse':**

a) concise b) detailed
c) expressive d) descriptive **ans. B**

Solution: Terse অর্থ বাহুল্যবর্জিত, সংক্ষিপ্ত এবং লাগসই। এর বিপরীত শব্দ হলো Detailed যার অর্থ সবিস্তরে *b*). কিন্তু concise অর্থ সংক্ষিপ্ত; expressive অর্থ অভিব্যক্তিপূর্ণ, ভাবপূর্ণ; descriptive অর্থ বর্ণনামূলক।

155. **'Who's that?' In this sentence 'that' is a/an**

a) pronoun b) conjunction
c) adjective d) adverb **ans. A**

Solution: বাক্যে যে সকল pronoun বর্তমান ভবিষ্যৎ বা অতীতের কিংবা নিকটবর্তী বা দূরবর্তী কোনো Noun কে বিশেষভাবে নির্দেশ করে তাকে Demonstrative Pronoun বলে। উক্ত বাক্যে 'that' দ্বারা 'দূরবর্তী' কোনো বস্তুকে নির্দেশ করছে বলে এটি Demonstrative Pronoun. এরকম কিছু Demonstrative Pronoun হলো: This, these, that, those, It, so, such ইত্যাদি।

156. **What is the noun form of the word 'know'?**

a) knowing b) knowledge
c) knowledgeable d) known **ans. B**

Solution: Know (জানা) হলো verb. আর এর Abstract Noun হলো knowledge (জ্ঞান)।

157. **'Why, then, 'tis none to you, for there is nothing either good or bad, but thinking makes it so.' This extract is taken from the drama-**

a) King Lear b) Macbeth
c) As You Like it d) Hamlet **ans. D**

Recent Publication

Solution: William Shakespeare রচিত Hamlet একটি জনপ্রিয় Tragedy. নাটকে রাজা Hamlet হলো ডেনমার্কের রাজা। তার চাচা Claudius ও মা মিলে রাজা Hamlet কে হত্যা করে। রাজা Hamlet এর পুত্র Hamlet কর্তৃক পিতার মৃত্যুর প্রতিশোধের বিভিন্ন প্রচেষ্টাই হলো নাটকটির কেন্দ্রীয় আলোচ্য বিষয়। নাটকটির আরো চরিত্র হলো: Gertrude - ডেনমার্কের রানী ও Hamlet এর মা, Claudius – Hamlet এর চাচ, Horatio – Hamlet এর বন্ধু, Ophelia – Hamlet এর প্রেমিকা।

158. **'Made weak by time and fate, but strong in will To strive, to seek, to find, and not to yield' is taken from the poem written by-**

a) Robert Browning b) Mathew Arnold
c) Alfred Tennyson d) Lord Byron ***ans.*** **C**

Solution: উদ্ধৃতাংশটি Victorian যুগের leadin poet Lord Alfred Tennyson এর 'ulysses' কবিতা থেকে চয়ন করা হয়েছে। কবিতাটিতে তিনি ulysses এর মনোবেদনা আর অজানাকে জানার আকুলতা প্রকাশ ঘটিয়েছেন। মানবের আত্মা যেন বদ্ধ ঘরে আবদ্ধ থাকতে চায় না। আত্মার এই বহির্মুখী চেতনার প্রকাশ ঘটিয়েছেন এই কবিতায়। তাঁর বিখ্যাত সাহিত্য কর্ম হলো - i) Oenone, ii) Lotus Eaters, iii) Locksley Hall, iv) Tithonus, v) Morte D' Arthur, vi) In Memorium, vii) English Idyll.

159. **'Give somebody a piece of your mind' means to**

a) tell someone that you are very angry with them.
b) say exactly what you feel or think.
c) return or to help somebody return to a normal situation.
d) give somebody mental peace. ***ans.*** **A**

Solution: Give somebody a piece of your mind অর্থ রাগান্বিত হয়ে কারো সমালোচনা করা; কারো উপর রাগ ঝাড়া বা কথা বলার সময় নিজের রাগের বা ক্ষোভের বহিপ্রকাশ ঘটানো। আবার, বাংলা একডেমি অভিধান অনুযায়ী Give somebody a piece of your mind অর্থ নিজের অভিমত বা ধারণা অন্যের কাছে স্পষ্ঠ ভাবে প্রকাশ করে। তবে অধিকাংশ বিদেশি Dictionary তে যে অর্থ দেয়া আছে তা অপশনের *a*) এর সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই উত্তর দেয়া গেল *a*).

160. **'I shall help you <u>provided</u> you obey me.' Here the underlined word is a/an**

a) adverb b) adjective
c) conjunction d) verb ***ans.*** **C**

Solution: ইংরেজি বাক্যে "শর্ত থাকে যে, এই শর্তে যে বা যদি" অর্থে provided (that) conjunction টি ব্যবহৃত হয়ে থাকে। বাক্যে Provided দ্বারা principal clause এর কাজের শর্ত প্রকাশিত হয়। এরকম দুটি উদাহরণ হলো: We shall start the program <u>provided</u> circumstances favour us. The plane will take off in time <u>provided</u> the weather in good.

বাক্যের অর্থঃ আমাকে তুমি মেনে চলবে এই শর্তে তোমাকে আমি সাহায্য করবো।

161. **Identify the correct spelling**

a) questionaire b) questionoir
c) questionnaire d) questionair ***ans.*** **C**

Solution: Qustionnnaire অর্থ প্রশ্নমালা। এই গুরুত্বপূর্ণ বানানটি মনে রাখার সহজ পদ্ধতি হলো Question Nai Re (প্রশ্ন নাই রে)।

162. **Which 'but' is a preposition?**

a) It is but right to admit our faults.
b) What can we do but sit and wait?
c) We tried hard, but did not succeed.
d) There is no one but likes him. ***ans.*** **B**

Solution: বাক্যে Noun Phrase (sit & wait) এর পূর্বে preposition হিসেবে but বসবে। তাই সঠিক উত্তর হরো b). এরকম আরেকটি উদাহরণ হলো: What can Rasel do but die? (মৃত্যু বরণ ছাড়া কি করতে পাওে রাসেল?)। উল্লেখ্য, উক্ত বাক্যটিতে "ছাড়া বা ব্যতীত" অর্থে but ব্যবহৃত হয়েছে।

বাক্যের অর্থঃ বসে থাকা ও অপেক্ষা করা ছাড়া আমরা কি করতে পারি?

163. **Who is not a romantic poet?**

a) P. B. Shelley b) S. T. Coleridge
c) John Keats d) T. S. Eliot ***ans.*** **D**

Solution: ইংরেজি সাহিত্যে 1798 থেকে 1832 পর্যন্ত সময়কালকে 'The Romantic Period' হিসেবে আখ্যায়িত করা হয়। এই সময়কালের অর্থাৎ Romantic Period এর উল্লেখযোগ্য সাহিত্যিক হলেন - William Wordsworth, Lord Byron, Sir Walter Scott, S. T. Coleridge, Charles Lam, Jane Austen, P. B. Shelley, John Keats, Alexander Pushkin. আর T. S. Eliot হলেন Georgian Period (1910 - 1936) এর কবি। তাঁর পুরো নাম Thomas Stearns Eliot. তাঁর কবিতা প্রথম বাংলায় অনুবাদ করেন রবীন্দ্রনাথ ঠাকুর।

164. **In Shakespeare's play Hamlet, Hamlet was prince of**

a) Norway b) Britain
c) Denmark d) France ***ans.*** **C**

Recent Publication

165. **Adela Quested and Mrs. Moore are characters from the novel**

a) David Copperfield
b) The Return of the Native
c) A Passage to India
d) Adam Bede **ans. C**

Solution: 'A Passage to India' গ্রন্থটি লিখেছেন Edward Morgan Forster. তিনি ১৯২৪ সালে A Passage to India উপন্যাসটি লিখেন। এটি মূলত Indian Independence Movement এর উপর লেখা। এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র হলো - Mrs. Moore, Adela Quested, Rony Heaslop, ড. আজিজ, অধ্যাপক Godbole Cyril প্রমূখ। উল্লেখ্য, A passage to England উপন্যাসটি লেখেন Nirad C. chaudhury. আর David Copperfield হলো Charles Dickens এর বিখ্যাত উপন্যাস, The Return of the Native হলো Thomas Hardy রচিত একটি বিখ্যাত উপন্যাস ও Adam Bede হলো George Eliot রচিত একটি বিখ্যাত উপন্যাস।

166. **Time held me green and dying Though I sang in my chains like the sea.' These lines have been quoted from Dylan Thomas' poem-**

a) The Flower b) Fern Hill
c) After the Funeral d) By Fire **ans. B**

Solution: Dylan Thomas আধুনিক যুগকে একজন প্রসিদ্ধ কবি যার বিখ্যাত একটি কবিতার নাম হলো Fern Hill. এই কবিতায় কবির শৈশব ও কৈশোরের স্মৃতি অসাধারণভাবে বিধৃত হয়েছে। শৈশবের দিগন্ত বিস্তৃত খেলার মাঠ, খড়ের গাদা, গরু বাছুরের পিছু ছোটা, খড়বাহী গাড়িতে চেপে বসা প্রভৃতি বিষয়গুলিকে অত্যন্ত স্বপ্নীল করে পরিবেশন করেছেন। তাঁর রচিত একটি নাটকের নাম হলো "Under Milk Wood".

167. **One whose attitude is 'eat, drink and be merry' is -**

a) Materialistic b) epicurean
c) cynic d) stoic **ans. B**

Solution: Eat, drink & be merry অর্থ খাও, দাও ফূর্তি করো। এটা ইন্দ্রিয়বিলাসী ব্যক্তির আচরণের মধ্যে পড়ে। তাই সঠিক উত্তর *b*). Materialistic অর্থ বস্তুবাদী; cynic অর্থ হতাশাবাদী; stoic অর্থ সুখে-দুঃখে নির্বিকার ব্যক্তি।

168. **'Was this the face that launch'd a thousand ships, And burnt the topless towers of Ilium?' Who speaks the famous lines?**

a) Caesar b) Antony
c) Faustus d) Romeo **ans. C**

Solution: Elizabethan যুগের একজন শ্রেষ্ঠ নাট্যকার Christopher Marlowe এর একটি শ্রেষ্ঠ সাহিত্যকর্ম হলো Dr. Faustus নাটক। এই নাটকের প্রধান চরিত্রে আছেন Dr. Faustus যিনি জ্ঞানের সকল শাখায় বিচরণ করে ক্ষান্ত হননি। স্বর্গীয় ও সীমাহীন ক্ষমতা লাভের জন্য তিনি যাদুবিদ্যা চর্চ শুরু করেন। সময়ের পরিক্রমায় সে শয়তান লুসিফারের দাসের সাক্ষাৎ পায়। সেই দাসের সহায়তায় সে কিছু ক্ষমতাও লাভ করে। একজন Angel তাকে এসব ত্যাগের পরামর্শ দিলেও তা সে ত্যাগ করে না। ফলে শয়তানরা তার আত্মা নরকে নিয়ে যায়। Christopher Marlowe রচিত আরো কিছু সাহিত্য কর্ম হলো - Tamburlaine the Great, The Jew of Matta, The Passionate Shepherd to His Love (Poem), Edward II ইত্যাদি।

169. **The Character 'Alfred Doolittle' is taken from Shaw's play titled-**

a) Pygmalion
b) Man and Superman
c) The Doctor's Dilemma
d) Mrs. Warren's Profession **ans. A**

Solution: ইংল্যান্ডে Shakespease এর পরবর্তী সময়কালে সবচেয়ে প্রভাবশালী নাট্যকার হলেন George Bernard Shaw. তাঁর রচিত বিখ্যাত নাটক হলো Pygmalion. আর এই নাটকের একটি চরিত্র হলো Alfred Doolittle. G. B. Shaw এর সবচেয়ে উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো – Man & Superman. তাঁর আরো কিছু সাহিত্যকর্ম হলো - *i*) Caesar & Cleopatra, *ii*) Arms & the Man, *iii*) The Apple Cart, *iv*) Candida.
তিনি 1925 সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান।

170. **The poem 'The Love Song of J. Alfred Prufrock' is written by**

a) Robert Browning b) T. S. Eliot
c) Walter Scott d) W. B. Yeats **ans. B**

Solution: নাট্যকার, সাহিত্য সমালোচক এবং বিংশ শতকের অন্যতম প্রভাবশালী কবি T. S. Eliot এর একটি বিখ্যাত কবিতা হলো The love song of J. Alfred Prufrock. এই কবিতায় Prufrock এর অব্যক্ত ভালোবাসার কথায় উল্লেক আছে। ভালোবাসার অব্যক্ততার এই ব্যর্থতাটুকুই কবিতাটিকে আধুনিক কবিতার শীর্ষে প্রতিষ্ঠিত করেছে।

Recent Publication

T. S. Eliot এর বিখ্যাত কবিতা "The Waste Land" এর জন্য 1948 সালে নোবেল পুরস্কার পান। তার উল্লেখযোগ্য কিছু সাহিত্যকর্ম হলো - *i*) The Hollow Men, *ii*) Ash Wednesday, *iii*) Murder in the Cathedral, *iv*) Gerontion.

আর The Cocktail Party তাঁর রচিত একটি উল্লেখযোগ্য নাটক।

171. **বঙ্গবন্ধুকে কখন 'জুলিও কুরী' শান্তি পুরস্কার প্রদন করা হয়?**

a) ২০ মে, ১৯৭২ b) ২১ মে, ১৯৭২
c) ২২ মে, ১৯৭২ d) ২৩ মে, ১৯৭২

ans. **Note**

Solution: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ১৯৭৩ সালের ২৩ মে বিশ্ব শান্তি পরিষদ কর্তৃক 'জুলিও কুরি' শান্তি পদকে ভূষিত করা হয়। বিশ্ববিখ্যাত বিজ্ঞানী ম্যারি কুরি ও পিয়েরে কুরি দম্পতি বিশ্ব শান্তির সংগ্রামে যে অবদান রেখেছেন, তা স্মরণীয় করে রাখতে বিশ্ব শান্তি পরিষদ ১৯৫০ সাল থেকে ফ্যাসিবাদবিরোধী, সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামে, মানবতার কল্যাণে, শান্তির সপক্ষে বিশেষ অবদানের জন্য বরণীয় ব্যক্তি ও সংগঠনকে 'জুলিও কুরি' শান্তি পদকে ভূষিত করে আসছে।

172. **ঐতিহাসিক 'ছয় দফা দাবিতে' যে বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না**

a) শাসনতান্ত্রিক কাঠামো b) কেন্দ্রীয় সরাকারের ক্ষমতা
c) স্বতন্ত্র মুদ্রা ব্যবস্থা d) বিচার ব্যবস্থা ***ans.*** **D**

Solution: ঐতিহাসিক 'ছয় দফা'য় বর্ণিত দাবিগুলো হলোঃ

০১. পাকিস্তান যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনে সংসদীয় পদ্ধতির সরকার হবে। সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে প্রাপ্ত বয়স্কদের ভোটে নির্বাচন অনুষ্ঠিত হবে।

০২. কেন্দ্রীয় সরকারের হাতে মাত্র দুটি বিষয় থাকবে, প্রতিরক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয়। অন্যান্য সকল বিষয়ে অঙ্গরাজ্যগুলোর পূর্ণ ক্ষমতা থাকবে।

০৩. সারাদেশে হয় অবাধে বিনিয়োগযোগ্য দু'ধরনের মুদ্রা, না হয় বিশেষ শর্ত সাপেক্ষে একই ধরনের মুদ্রা প্রচলন করা।

০৪. সকল প্রকার কর ধার্য করার ক্ষমতা থাকবে আঞ্চলিক সরকারের হাতে। আঞ্চলিক সরকারের আদায়কৃত রাজস্বের একটি নির্দিষ্ট অংশ কেন্দ্রীয় সরকারকে দেওয়ার ব্যবস্থা থাকবে।

০৫. অঙ্গরাজ্যগুলো নিজেদের অর্জিত বৈদেশিক মুদ্রার মালিক হবে, এর নির্ধারিত অংশ তারা কেন্দ্রকে দেবে।

০৬. অঙ্গরাজ্যগুলোকে আঞ্চলিক নিরাপত্তার জন্য আধা সামরিক বাহিনী গঠন করার ক্ষমতা দেওয়া।

173. **'মাৎস্যন্যায়' বাংলার কোন সময়কাল নির্দেশ করে?**

a) ৫ম - ৬ষ্ঠ শতক b) ৬ষ্ঠ - ৭ম শতক
c) ৭ম - ৮ম শতক d) ৮ম - ৯ম শতক ***ans.*** **C**

Solution: 'মাৎস্যন্যায়' সময়কাল নির্দেশ করে ৭ম - ৮ম শতককে। শশাংকের মৃত্যুর পর বাংলার ইতিহাসে এক অন্ধকার যুগের সূচনা হয়। দীর্ঘদিন বাংলায় কোন যোগ্য শাসক ছিলেন না। ফলে, রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা দেখা দেয়। একদিকে হর্ষবর্ধন ও ভাস্করবর্মণের হাতে গৌড় রাজ্য ছিন্ন ভিন্ন হয়ে যায়, অন্যদিকে ভূ-স্বামীরা প্রত্যেকেই বাংলার রাজা হওয়ার কল্পনায় একে অন্যের সাথে সংঘাতে মেতে উঠে। কেন্দ্রীয় শাসন শক্ত হাতে ধরার মতো কেউ ছিল না। এ অরাজকতার সময়কালকে পাল তাম্রশাসনে আখ্যায়িত করা হয়েছে 'মাৎস্যন্যায়' বলে। পুকুরে বড় মাছ ছোট মাছকে ধরে গিলে ফেলার মতো বিশৃঙ্খল পরিস্থিতিকে বলে 'মাৎস্যন্যায়'।

174. **বাংলার কোন সুলতানের শাসনামলকে স্বর্ণযুগ বলা হয়?**

a) শামসুদ্দীন ইলিয়াস শাহ
b) নাসিরুদ্দীন মাহমুদ শাহ
c) আলাউদ্দিন হোসেন শাহ
d) গিয়াসউদ্দিন আজম শাহ ***ans.*** **C**

Solution: বাংলায় স্বাধীন সুলতানদের মধ্যে হোসেন শাহী আমল ছিল সবচেয়ে কৃতিত্বের যুগ। হোসেন শাহ ছিলেন সে যুগের শ্রেষ্ঠ সুলতান। তিনি বিহারের বিস্তীর্ণ এলাকা দখল করেন। তিনি ছিলেন প্রজা দরদী ও বহুগুণের অধিকারী। তাঁর আমলে বাংলা ভাষা ও সাহিত্যের অনেক উন্নতি হয়। শ্রীচৈতন্য বৈষ্ণব ধর্ম প্রচার করেন তাঁর শাসনামলে। হোসেন শাহের পর আরও তিনজন সুলতান বাংলা শাসন করেন। তারা সবাই যোগ্য শাসক ছিলেন। তারাও উদারভাবে রাজ্য শাসন করেন। তারা সকলেই শিল্প, সাহিত্য, সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। এজন্য হোসেন শাহী আমলকে বাংলার মুসলমান শাসনের স্বর্ণযুগ বলা হয়।

175. **ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন?**

a) নওয়াব আবদুল লতিফ b) স্যার সৈয়দ আহমেদ
c) নওয়াব স্যার সলিমুল্লাহ d) খাজা নাজিমুদ্দিন ***ans.*** **C**

Solution: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন নওয়াব স্যার সলিমুল্লাহ। এই বিশ্ববিদ্যালয়ের যে আবশ্যকতা রয়েছে সেটা বোঝাত এবং প্রতিষ্ঠার ব্যাপার অগ্রণী ভূমিকা পালন করেছিলেন যাঁরা তাদের মধ্য বিশেষভাবে উল্লেখযোগ্য ঢাকার নবাব স্যার সলিমুল্লাহ। বঙ্গভঙ্গ রদ এবং নবগঠিত পূর্ব বাংলা ও আসাম প্রদেশ বাতিলের ফলে এ অঞ্চলের মুসলমান জনসাধারণের মধ্যে যে হতাশা নেমে আসে, তাতে প্রলেপদানের জন্য ক্ষতিপূরণস্বরূপ ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব করা হয়।

Recent Publication

176.ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?

a) খাজা নাজিম উদ্দীন b) মোহাম্মদ আলী জিন্নাহ
c) লিয়াকত আলী খান d) নূরুল আমিন **ans. A**

Solution: ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী ছিলেন খাজা নাজিম উদ্দীন। উল্লেখ্য, পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান আততায়ীর হাতে নিহত হলে প্রধানমন্ত্রী হন খাজা নিজাম উদ্দীন। 'নূরুল আমিন' ছিলেন তৎকালিন মুখ্যমন্ত্রী এবং 'মোহাম্মদ আলী জিন্নাহ' ছিলেন পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল।

177.আলুটিলা প্রাকৃতিক গুহা কোথায় অবস্থিত?

a) খাগড়াছড়ি জেলায় b) কক্সবাজার জেলায়
c) বান্দরবান জেলায় d) রাঙ্গামাটি জেলায়**ans. A**

Solution: খাগড়াছড়ি সদর থেকে ৭ কিলোমিটার দূরে খাগড়াছড়ি-চট্টগ্রাম সড়কের পাশে আলুটিলা প্রাকৃতিক গুহা অবস্থিত।

178.বাংলায় সেন বংশের (১০৭০ - ১২৩০ খ্রিষ্টাব্দ) শেষ শাসনকর্তা কে ছিলেন?

a) হেমন্ত সেন b) বল্লাল সেন
c) লক্ষণ সেন d) কেশব সেন **ans. D**

Solution: বাংলায় সেন বংশের শেষ শাসনকর্তা ছিলেন কেশব সেন। উল্লেখ্য, ত্রয়োদশ শতকের প্রথম দিকে মুসলিম সেনাপতি বখতিয়ার খলজি নদীয়া আক্রমণ করেন। লক্ষণ সেন কোন প্রতিরোধ না করে নদীপথে পূর্ববঙ্গের রাজধানী বর্তমান মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুর আশ্রয় গ্রহণ করেন। উত্তর ও উত্তর-পশ্চিম বাংলা বখ্‌তিয়ার খল্‌জি সহজেই অধিকার করে নেন। লক্ষণাবতীকে (গৌড়) কেন্দ্র করে বাংলায় মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। দক্ষিণ-পূর্ব বাংলায় অবস্থান করে লক্ষণ সেন আরও ২/৩ বৎসর রাজত্ব করেন। লক্ষণ সেনের মৃত্যুর পর তাঁর দুই পুত্র বিশ্বরূপ সেন এবং কেশব সেন কিছুকাল পূর্ব বাংলা শাসন করেন। এভাবে লক্ষণ সেনের পরাজয়ের মধ্য দিয়ে বাংলায় সেন শাসনের অবসান ঘটে।

হেমন্ত সেন	সেন বংশের প্রথম রাজা বা প্রতিষ্ঠাতা
বিজয় সেন	সেন বংশের সর্বপ্রথম সার্বভৌম বা স্বাধীন রাজা
লক্ষ্মণ সেন	সেন বংশের সর্বশেষ ও বাংলার শেষ হিন্দু রাজা
বল্লাল সেন	কৌলিন্য প্রথার প্রবর্তক

179.বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?

a) পুণ্ড্র b) তাম্রলিপ্তি
c) গৌড় d) হরিকেল **ans. A**

Solution: প্রাচীন বাংলার জনপদগুলোর মধ্যে অন্যতম হলো পুণ্ড্র। 'পুণ্ড্র' বলে একটি জাতি এ জনপদ গড়ে তুলেছিল। পুণ্ড্রদের রাজ্যের রাজধানীর নাম ছিল 'পুণ্ড্রনগর'। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলালিপি পুণ্ড্রতে পাওয়া গেছে। উল্লেখ্য, বাংলা পূর্বে প্রায় ১৬টি জনপদে বিভক্ত ছিল। এগুলো হলো পুণ্ড্র হরিকেল, সমতট, গৌড়, বঙ্গ ইত্যাদি।

180.'কাগমারী সম্মেলন' অনুষ্ঠিত হয়

a) রোজ গার্ডেনে b) সিরাজগঞ্জে
c) সন্তোষে d) সুনামগঞ্জে **ans. C**

Solution: ১৯৫৭ সালের ৬-১০ ফেব্রুয়ারিতে টাঙ্গাইলের অজপাড়াগাঁ সন্তোষ-কাগমারীতে 'কাগমারী সম্মেলন' অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর দীর্ঘ রাজনৈতিক জীবনে অসংখ্য রাজনৈতিক কর্মসূচির আয়োজন করেছিলেন। এর মধ্যে তার অবিস্মরণীয় কীর্তি ১৯৫৭ সালের 'কাগমারী সম্মেলন'। বাংলাদেশের রাজনীতিতে এর তাৎপর্য বিশেষভাবে স্বীকৃত। ঐতিহাসিক কাগমারী সম্মেলনের মাধ্যমেই তৎকালীন পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন ও স্বাধীকার আন্দোলনের সূচনা হয়। সাম্রাজ্যবাদী-আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে এ অঞ্চলের জনগণকে একাবদ্ধ ও সচেতন করতে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কাগমারী সম্মেলনে মওলানা ভাসানী যে গুরুত্বপূর্ণ ও জ্বালাময়ী বক্তব্য দেন তা আজো আমাদের দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব, পতাকা-মানচিত্র রক্ষার সংগ্রামে এবং সাম্রাজ্যবাদ-আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম ও লড়াইয়ে এখনো অনুপ্রেরণা যোগায়।

181.মুক্তিযুদ্ধকালে কোলকাতার ৮, থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' কখন গঠন করা হয়?

a) এপ্রিল ১০, ১৯৭১ b) এপ্রিল ১১, ১৯৭১
c) এপ্রিল ১২, ১৯৭১ d) এপ্রিল ১৩, ১৯৭১

ans. B

Solution: বাংলাদেশ বাহিনী তথা মুক্তিবাহিনী সর্বপ্রথম আংশিকভাবে গঠিত হয় ১৯৭১ সালের ৪ এপ্রিল তেলিয়াপাড়ায়। ১১ এপ্রিলে বাংলাদেশ বাহিনীকে আরো বর্ধিত করা হয়। কলকাতার ৮ নং থিয়েটার রোডে বাংলাদেশ বাহিনীর সদরদপ্তর স্থাপিত হয়। ১২ এপ্রিল থেকে এই সদরদপ্তর কার্যক্রম শুরু করে। লেফটেন্যান্ট কর্নেল এম.এ রব এবং গ্রুপ ক্যাপ্টেন এ. কে খন্দকারকে যথাক্রমে চীফ অব স্টাফ এবং ডেপুটি চীফ অব স্টাফ নিয়োগ করা হয়।

182.কোন অনুচ্ছেদ বলে বাংলাদেশের সংবিধান মৌলিক বিধানবলী পরিবর্তনযোগ্য নয়?

a) অনচ্ছেদ ৭ b) অনুচ্ছেদ ৭(ক)
c) অনুচ্ছেদ ৭(খ) d) অনুচ্ছেদ ৮ **ans. C**

Recent Publication

Solution: বাংলাদেশের সংবিধান মৌলিক বিধানবলী পরিবর্তনযোগ্য নয় বলা হয়েছে অনুচ্ছেদ ৭(খ) তে।

অনুচ্ছেদ ৭	সংবিধানের প্রাধান্য
অনুচ্ছেদ ৭(ক)	সংবিধান বাতিল, স্থগিতকরণ ইত্যাদি অপরাধ
অনুচ্ছেদ ৮	মূলনীতিসমূহ

183. বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মূল বিষয় কী ছিল?

a) বহুদলীয় ব্যবস্থা b) সংসদে মহিলা আসন
c) তত্ত্বাবধায়ক সরকার d) বাকশাল প্রতিষ্ঠা **ans. C**

Solution: বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মূল বিষয় ছিল তত্ত্বাবধায়ক সরকার। উল্লেখ্য, ১৯৯৬ সালের ২৭ মার্চে সংশোধনীর মাধ্যমে সংবিধানে অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য নিরপেক্ষ-নিদর্লীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন করা হয়। আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জসিম উদ্দন সরকার এই সংশোধনীটি উত্থাপন করেন। এটি ২৬৮-০ ভোটে পাস হয়। রাষ্ট্রপতির অনুমোদন পায় ২৮ মার্চে। উচ্চ আদলতের আদেশে ২০১১ সালে এই সংশোধনীটি বাতিল হয়।

184. সংবিধানের চেতনার বিপরীতে সামরিক শাসনকে বৈধতা দিতে কোন তফসিলের অপব্যবহার করা হয়?

a) ৪র্থ তফসিল b) ৫ম তফসিল
c) ৬ষ্ঠ তফসিল d) ৭ম তফসিল **ans. A**

Solution: সংবিধানের চেতনার বিপরীত সামরীতে সামরিক শাসনকে বৈধতা দিতে ৪র্থ তফসিলের অপব্যবহার করা হয়। বাংলাদেশে সংবিধানে মোট ৭টি তফসিল আছে। এগুলো হলোঃ (১ম) অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন; (২য়) বিলুপ্ত); (৩য়) শপথ ও ঘোষণা; (৪র্থ) ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী; (৫ম) ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেয়া ঐতিহাসিক ভাষণ; (৬ষ্ঠ) ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা এবং (৭ম) ১৯৭১ সালের ১০ এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতা ঘোষণাপত্র।

185. কোন উপজাতিটির আবাসস্থল 'বিরিশিরি' নেত্রকোনায়?

a) সাঁওতাল b) গারো
c) খাসিয়া d) মুরং **ans. B**

Solution: নেত্রকোনার 'বিরিশিরি'তে গারো উপজাতিটির আবাসস্থল। উপজাতীয় কালচারাল একাডেমী নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলার বিরিশিরিতে অবস্থিত। গারো, হাজং, কোচ, বানাই, হদি, মান্দাই ইত্যাদি নৃগোষ্ঠী অনাদিকাল থেকে নিজস্ব জীবন ও সমাজ তথা ভাষা, ধর্ম ও সংস্কৃতি লালন করে বাংলাদেশের উত্তরাঞ্চলীয় জেলাগুলিতে বসবাস করে আসছে। এই সকল নৃগোষ্ঠীর জীবন ও সংস্কৃতির চর্চা, সংরক্ষণ ও উন্নয়নের জন্য ১৯৭৭ সালে উপজাতীয় কালচারাল একাডেমী প্রতিষ্ঠিত হয়। এর প্রথম পরিচালক ছিলেন সিস বিভা সাংমা।

186. বাংলাদেশের বাণিজ্য ভারসাম্য কীভাবে রক্ষা হয়?

a) বিশ্ব ব্যাংকের Budgetary support - এর মাধ্যমে
b) IMR -এর Bailout package -এর মাধ্যমে
c) প্রবাসীদের পাঠানো Remittance এর মাধ্যমে
d) IDA credit – এর মাধ্যমে **ans. C**

Solution: বাণিজ্য ভারসাম্য (Balance of Trade) হচ্ছে কোন দেশের অর্থনীতির একটি নির্দিষ্ট সময়ের মোট রপ্তানি ও মোট আমদানির আর্থিক মূল্যের পার্থক্য। একে নীট রপ্তানীও বলা হয়ে থাকে। প্রকৃতপক্ষে এটি একটি দেশের আমদানি ও রপ্তানির মধ্যকার সম্পর্ক। ইতিবাচক ভারসাম্যকে বাণিজ্য উদ্বৃত্ত বলে যখন আমদানির থেকে রপ্তানি বেশি হয়; নেতিবাচক ভারসাম্যকে বলা হয় বাণিজ্য ঘাটতি যা রপ্তানির থেকে আমদানি বেশি হলে হয়। বাণিজ্য ভারসাম্যকে অনেক সময় পণ্য ও সেবার ভারসাম্য - এ দুই ভাগে ভাগ করা হয়। আসুন এখানে একটি উদাহরণ নেওয়া যাক। মনে করুন যে ২০২০ সালে বাংলাদেশ ১০০ টাকার পণ্য ও পরিষেবাদি আমদানি করেছে। তবে, একই বছরে রফতানি করেছে ৫০ টাকা। এইভাবে, বাণিজ্য ভারসাম্য হবে -৫০ টাকা। অর্থাৎ দেশটি বাণিজ্য ঘাটতির সম্মুখীন হবে।

IMR -এর Bailout package -এর বেইল আউট হলো দেনার দায়ে বা মূলধন সংকটে পড়ে দেউলিয়া হওয়ার পথে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানকে রাষ্ট্র বা আন্তর্জাতিক প্রতিষ্ঠানের তরফে আর্থিক সহায়তা করা। তবে রাষ্ট্রকেও অনেক সময় জাতীয় ব্যয় নির্বাহে বেইল আউটের মাধ্যমে আন্তর্জাতিক অর্থ ও অন্য প্রতিষ্ঠানগুলোর সহায়তা নেওয়ার নজির রয়েছে। আর বাংলাদেশের বাণিজ্য ভারসাম্য রক্ষায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে প্রবাসীদের পাঠানো Remittance এবং অন্যান্য উৎস থেকে আসা বৈদেশিক মুদ্রা।

187. অধিভুক্ত বাংলার সর্বপ্রথম রাজা কাকে বলা হয়?

a) অশোক b) শশাঙ্ক
c) মেগদা d) ধর্মপাল **ans. B**

Solution: অধিভুক্ত বাংলার সর্বপ্রথম রাজা বলা হয় শশাঙ্ককে। সপ্তম শতকে বাংলার ইতিহাসে শশাঙ্ক একটি বিশিষ্ট নাম। প্রাচীন বাংলার ইতিহাসে তিনিই প্রথম গুরুত্বপূর্ণ সার্বভৌম শাসক। রাজা শশাঙ্ক ৫৯৪ খ্রিষ্টাব্দের শুরু দিকে গৌড় অঞ্চলের ক্ষমতা দখল করে স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করে 'কর্ণসুবর্ণে' রাজধানী স্থাপন করেন।

Recent Publication

উল্লেখ্য, অশোক ছিলেন মৌর্য বংশের তৃতীয় শাসক, যাকে বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন বলা হয়। রাজা ধর্মপাল ছিলেন পাল বংশের শ্রেষ্ঠ রাজা।

188.বঙ্গভঙ্গ রদ কে ঘোষণা করেন?

a) লর্ড কার্জন b) রাজা পঞ্চম জর্জ
c) লর্ড মাউন্ট ব্যাটেন d) লর্ড ওয়াভেল **ans. B**

Solution: বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন রাজা পঞ্চম জর্জ। ১৯১১ সালে রাজা পঞ্চম জর্জ ভারত সফরে এসে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। উল্লেখ্য, ১৯০৫ সালের ১৬ অক্টোবর ভারতে ভাইসরয় লর্ড কার্জন সমগ্র বাংলাকে দুটি প্রদেশে ভাগ করে। একটিতে থাকে পূর্ব বাংলা ও আসাম এবং অন্যটিতে থাকে পশ্চিম বাংলা। বাংলার এ বিভক্তি বঙ্গভঙ্গ নামে পরিচিত।

189.ঢাকা শহরের গোড়াপত্তন হয়

a) ব্রিটিশ আমলে b) সুলতানি আমলে
c) স্বাধীন নবাবী আমলে d) মুঘল আমলে **ans. D**

Solution: মুঘল সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার পূর্বনাম রাখা হয়েছিল জাহাঙ্গীরনগর। ১৬১০ সালে ঢাকা বাংলার প্রথম রাজধানী করা হয়। স্বাধীনতার পূর্বে ৪বার ঢাকা রাজধানীর মর্যাদা পায়। ইসলাম খাঁ ঢাকা বাংলার রাজধানীতে উপনীত করেন।

190.স্টিভ চেন ও চ্যাড হার্লির সাথে যৌথভাবে কোন বাংলাদেশী ইউটিউব (You Tube) প্রতিষ্ঠা করেন?

a) জাবেদ করিম b) ফজলুল করিম
c) জাওয়াদুল করিম d) মঞ্জুরুল করিম **ans. A**

Solution: ২০০৫ সালে পেপ্যাল প্রতিষ্ঠানের তিনজন প্রাক্তন চাকুরীজীবী চ্যাড হারলি, স্টিভ চ্যান এবং বাংলাদেশী বংশোদ্ভুত জাভেদ করিম কর্তৃক ইউটিউব প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য, ইউটিউব একটি ভিডিও শেয়ারিং করার ওয়েবসাইট। এটি অত্যন্ত জনপ্রিয় একটি সাইট। এর মাধ্যমে ভিডিও আপলোড, শেয়ার এবং ভিডিও দেখার সুবিধা রয়েছে। তাছাড়া ভিডিও পর্যালোচনা, অভিমত প্রদানসহ আরো অনেক সুবিধা রয়েছে।

191.পাকিস্তান কবে বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়?

a) ফেব্রুয়ারি ২০, ১৯৭৪
b) ফেব্রুয়ারি ২১, ১৯৭৪
c) ফেব্রুয়ারি ২২, ১৯৭৪
d) ফেব্রুয়ারি ২৩, ১৯৭৪ **ans. C**

Solution: পাকিস্তান ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। ১৯৭৪ সালে লাহোরে অনুষ্ঠিত OIC এর দ্বিতীয় সম্মেলনে বাংলাদেশকে আমন্ত্রণ জানানো হয়। ঐ অনুষ্ঠানের শর্ত হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের নিকট থেকে বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি আদায় করে নেন।

192.কে বীরশ্রেষ্ঠ নন?

a) হামিদুর রহমান b) নূর মোহম্মদ শেখ
c) মুন্সী আব্দুর রহিম d) মোস্তফা কামাল **ans. C**

Solution: নূর মোহাম্মদ শেখ, হামিদুর রহমান এবং মোস্তফা কামাল সকলে বীরশ্রেষ্ঠ খেতাব প্রাপ্ত। শুধুমাত্র মুন্সী আব্দুর রহিম বীরশ্রেষ্ঠ নন।

বীরশ্রেষ্ঠের নাম	কর্মক্ষেত্র	পদবী
মুন্সী আব্দুর রউফ	রাইফেলস	ল্যান্সনায়েক
মোহাম্মদ মোস্তফা কামাল	সেনাবাহিনী	সিপাহী
মতিউর রহমান	বিমানবাহিনী	ফ্লাইট লেফটেন্যান্ট
নূর মোহাম্মদ শেখ	রাইফেলস	ল্যান্সনায়েক
হামিদুর রহমান	সেনাবাহিনী	সিপাহী
রুহুল আমিন	নৌবাহিনী	ইঞ্জিনরুম অফিসার
মহিউদ্দিন জাহাঙ্গীর	সেনাবাহিনী	ক্যাপ্টেন

193.বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন কখন অনুষ্ঠিত হয়?

a) ৭ মার্চ ১৯৭৩ b) ১৭ মার্চ ১৯৭৩
c) ২৭ মার্চ ১৯৭৩ d) ৭ মার্চ ১৯৭৪ **ans. A**

Solution: স্বাধীন বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ মার্চ ১৯৭৩ সালে। জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনসহ ৩১৫টি আসনের মধ্যে আওয়ামী লীগ ৩০৬, জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) ২টি, বাংলাদেশ জাতীয় লীগ ১টি এবং স্বতন্ত্র সদস্যরা ৬টি আসনে জয়লাভ করে। বঙ্গবন্ধুর নেতৃত্বে ১৯৭৩ এর ১৬ মার্চ নতুন মন্ত্রিসভা গঠিত হয়।

194.প্রান্তিক হ্রদ কোন জেলায় অবস্থিত?

a) রাঙ্গামাটি b) খাগড়াছড়ি
c) বান্দরবান d) সিলেট **ans. C**

Solution: প্রান্তিক হ্রদটি অবস্থিত হলুদিয়া, বান্দরবানে।

হ্রদের নাম	আয়তন	অবস্থান
প্রান্তিক লেক	২৫ একর	হলুদিয়া, বান্দরবান
বগা লেক	১৫ একর	রুমা, বান্দরবান
কাপ্তাই লেক	১,৭২২ বর্গকিমি	কাপ্তাই, রাঙামাটি
ফয়'স লেক	৩৩৬ একর	খুলশী, চট্টগ্রাম
মহামায়া লেক	১১ বর্গকিমি	মীরসরাই, চট্টগ্রাম
মহালছড়ি হ্রদ		খাগড়াছড়ি
মাধবপুর লেক		কমলগঞ্জ, মৌলভীবাজার

195.লাহোরে অনুষ্ঠিত OIC শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু কবে যোগদান করেন?

a) ২০-২১ ফেব্রুয়ারি ১৯৭৪
b) ২৩-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪
c) ২৫-২৬ ফেব্রুয়ারি ১৯৭৪
d) ২৭-২৮ ফেব্রুয়ারি ১৯৭৪ **ans. B**

Recent Publication

Solution: বঙ্গবন্ধু লাহোরে অনুষ্ঠিত OIC শীর্ষ সম্মেলনে যোগদান করেন ২৩-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪। আর OIC (Organisation of Islamic Cooperation বা ইসলামী সহযোগিতা সংস্থা) ২য় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ২২ থেকে ২৪ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে।

196. **বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম সংসদ নেতা কে?**

a) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
b) মোহাম্মদউল্লাহ
c) তাজউদ্দিন আহমেদ
d) ক্যাপ্টেন এম মনসুর আলী **ans. A**

Solution: বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম সংসদ নেতা হলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

197. **সংবিধানের কোন অনুচ্ছেদের আলোকে বাংলাদেশের বৈদেশিক নীতি পরিচালিত নয়?**

a) অনুচ্ছেদ ২২ b) অনুচ্ছেদ ২৩
c) অনুচ্ছেদ ২৪ d) অনুচ্ছেদ ২৫ **ans. D**

Solution: দ্বিতীয় ভাগঃ রাষ্ট্র পরিচালনার মূলনীতি

অনুচ্ছেদ ২২	নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ
অনুচ্ছেদ ২৩	জাতীয় সংস্কৃতি
অনুচ্ছেদ ২৩ (ক)	উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, ও গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি
অনুচ্ছেদ ২৪	জাতীয় স্মৃতিনিদর্শন প্রভৃতি
অনুচ্ছেদ ২৫	আন্তর্জাতিক শান্তি নিরাপত্তা ও সংহতির উন্নয়ন

Recent Publication

198. **বাংলাদেশের সর্বদক্ষিণে কোনটি অবস্থিত?**

a) দক্ষিণ তালপট্টি b) সেন্টমার্টিন
c) নিঝুম দ্বীপ d) ভোলা **ans. B**

Solution: বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের স্থান সেন্টমার্টিন।
বাংলাদেশের সবচেয়ে উত্তরের স্থান বাংলাবান্ধা।
বাংলাদেশের সবচেয়ে পশ্চিমের স্থান মনাকশা।
বাংলাদেশের সবচেয়ে পূর্বের স্থান হলো আখাইনঠং।

199. **বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য কয়টি?**

a) ৩টি b) ৪টি
c) ৫টি d) ৬টি **ans. C**

Solution: বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য ৫টি। এগুলো হলোঃ মেঘালয়, আসাম, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং মিজোরাম।

200. **কোন বীরশ্রেষ্ঠের দেহাবশেষ বাংলাদেশে এনে বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবরের পাশে সমাহিত করা হয়?**

a) সিপাহী মোস্তফা কামাল
b) ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ
c) ল্যান্স নায়েক নূর মোহম্মাদ শেখ
d) সিপাহী হামিদুর রহমান **ans. D**

Solution: সিপাহী হামিদুর রহমানকে বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবরের পাশে সমাহিত করা হয়। মোহাম্মদ হামিদুর রহমান বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী একজন শহীদ মুক্তিযোদ্ধা। সাতজন শ্রেষ্ঠ বীরদের অন্যতম। বাংলাদেশের সর্বোচ্চ সামরিক সম্মান 'বীরশ্রেষ্ঠ' উপাধিতে ভূষিত তিনি বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান। তিনি বীরশ্রেষ্ঠদের মাঝে সর্বকনিষ্ঠ। মুক্তিযুদ্ধের সময় তার বয়স ছিল মাত্র ১৮ বছর।

হামিদুর রহমানের মৃতদেহ সীমান্তের অল্প দূরে ভারতীয় ভূখণ্ডে ত্রিপুরা রাজ্যের হাতিমেরছড়া গ্রামের স্থানীয় এক পরিবারের পারিবারিক গোরস্থানে দাফন করা হয়। নীচু স্থানে অবস্থিত কবরটি এক সময় পানির তলায় তলিয়ে যায়। ২০০৭ সালের ১০ ডিসেম্বর বাংলাদেশ রাইফেলসের একটি দল ত্রিপুরা সীমান্তে হামিদুর রহমানের দেহাবশেষ গ্রহণ করে এবং ১১ ডিসেম্বর রাষ্ট্রীয় মর্যাদায় বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানকে ঢাকার বুদ্ধিজীবী কবরস্থানে সমাহিত করে।

০৪, ১১, ২৭ এবং ১৮১ নং এই চারটি প্রশ্নগুলো কিছুটা Confusing. আমরা আমাদের মতো করে সমাধান করার চেষ্টা করেছি। এখন আপনাদের মতামত আশা করছি। আপনাদের মূল্যবান মতামত অনুযায়ী ফাইনাল উত্তরটি বইতে প্রকাশ করা হবে।

04. **আন্তর্জাতিক মুদ্রা তহবিল কোন সালে গঠিত হয়?**

a) ১৯৪৪ সালে b) ১৯৪৫ সালে
c) ১৯৪৮ সালে d) ১৯৪৯ সালে ***ans.*** **B**

Solution: IMF এর পূর্ণরূপ হলো International Monetary Fund. এটি ১-২২ জুলাই ১৯৪৪ যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডসের মাউন্ট ওয়াশিংটন হোটেলে অনুষ্ঠিত ৪৫টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা IMF প্রতিষ্ঠিত হয়। এই চুক্তিটি আনুষ্ঠানিকভাবে কার্যকর হয় ২৭ ডিসেম্বর ১৯৪৫ সালে।

11. **নিচের কোন দেশটিতে রাশিয়ার সামরিক ঘাঁটির সুবিধা বিদ্যমান?**

a) কিউবা b) ভিয়েতনাম
c) উজবেকিস্তান d) সোমালিয়া ***ans.*** **C**

Solution: রাশিয়ার সামরিক ঘাঁটির সুবিধা বিদ্যমান উজবেকিস্তানে। ২০০২ সাল পর্যন্ত কিউবা ও ভিয়েতনামে রুশ সামরিক ঘাঁটি ছিল। ১৪ নভেম্বর, ২০০৫ সালে রাশিয়ার রাজধানী মস্কোতে অনুষ্ঠিত রাশিয়া ও উজবেকিস্তানের মধ্যে একটি সামরিক সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির মধ্য দিয়ে রাশিয়া উজবেকিস্তানে সামরিক ঘাঁটির সুবিধা পায়।

27. **মধ্যম উচ্চতার মেঘ কোনটি?**

a) সিরাস b) নিম্বাস
c) কিউম্যুলাস d) স্ট্রেটাস ***ans.*** **C**

Solution: মধ্যম উচ্চতার মেঘ কিউম্যুলাস। উল্লেখ্য, মেঘের প্রকারভেদঃ উচ্চতা অনুসারে মেঘকে তিনটি শ্রেণিতে বিভক্ত করা হয়। এগুলো হলোঃ

উঁচু মেঘঃ উঁচু মেঘের উচ্চতা সাধারণত ৬,০০০ মিটর হতে ১২,০০০ মিটার পর্যন্ত। **মধ্যম উঁচু মেঘঃ** এই মেঘ ২,০০০ হতে ৬,০০০ মিটার উচ্চতায় উৎপন্ন হয়। **নিচু মেঘঃ** ভূ-পৃষ্ঠের নিকটবর্তী অঞ্চলে ২,০০০ মিটারের মধ্যে এ জাতীয় মেঘ গঠিত হয়। এটি অপেক্ষাকৃত ভারী বলে আকাশের নিচে ভেসে বেড়ায়।

181. **মুক্তিযুদ্ধকালে কোলকাতার ৮, থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' কখন গঠন করা হয়?**

a) এপ্রিল ১০, ১৯৭১ b) এপ্রিল ১১, ১৯৭১
c) এপ্রিল ১২, ১৯৭১ d) এপ্রিল ১৩, ১৯৭১

ans. **B**

Solution: বাংলাদেশ বাহিনী তথা মুক্তিবাহিনী সর্বপ্রথম আংশিকভাবে গঠিত হয় ১৯৭১ সালের ৪ এপ্রিল তেলিয়াপাড়ায়। ১১ এপ্রিলে বাংলাদেশ বাহিনীকে আরো বর্ধিত করা হয়। কলকাতার ৮ নং থিয়েটার রোডে বাংলাদেশ বাহিনীর সদরদপ্তর স্থাপিত হয়। ১২ এপ্রিল থেকে এই সদরদপ্তর কার্যক্রম শুরু করে। লেফটেন্যান্ট কর্নেল এম. এ রব এবং গ্রুপ ক্যাপ্টেন এ. কে খন্দকারকে যথাক্রমে চীফ অব স্টাফ এবং ডেপুটি চীফ অব স্টাফ নিয়োগ করা হয়।

Recent Publication

৪২ তম বিসিএস (বিশেষ)

তারিখঃ ২৬.০২.২০২১; সময়ঃ ১২০ মিনিট; পূর্ণমাণঃ ২০০

01. **What is the correct indirect form of: He said, "You had better see a doctor".**

a) He advised him to see a doctor.
b) He advised that he should see a doctor.
c) He suggested that he had seen a doctor.
d) He proposed to see a doctor. ***ans.* A**

Solution: Direct speech এ Had better থাকলে Indirect speech এর Reported verb টিতে Advice বা Warn বসে। বাক্যটির গঠন হলোঃ Subject + advised + object + infinitive (to + verb) + অবশিষ্ট। যেমনঃ Direct: Hanjala said to me, 'you had better do the work'.
Indirect: Hanjala advised me to do the work.
বাক্যের অর্থঃ তিনি বললেন, 'তুমি বরং ডাক্তার দেখাও'।

02. **Identify the word that remains same in plural form:**

a) deer b) horse
c) elephant d) tiger ***ans.* A**

Solution: কতকগুলো Noun এর Singular এবং Plural form একই। যেমনঃ Apparatus, cannon, corps, deer, gross, means, piece, salmon, series, sheep, species, swine ইত্যাদি।

03. **সঠিক বানান নয় কোনটি?**

a) ধরণি b) মূর্ছা
c) গুণ d) প্রাণী ***ans.* D**

Solution: সংস্কৃত ইন্- প্রত্যয়ান্ত শব্দের দীর্ঘ ঈ-কারান্ত রূপ সমাসবদ্ধ হলে সংস্কৃত ব্যাকরণের নিয়ম অনুযায়ী সেগুলিতে হ্রস্ব ই-কার হয়। যেমনঃ গুণী = গুণিজন। প্রাণি = প্রাণিবিদ্যা। মন্ত্রী = মন্ত্রিপরিষদ ইত্যাদি।

04. **যদি ICE : COLDNESS হয়, তবে EARTH::?**

a) Weight b) Jungle
c) Sea d) Gravity ***ans.* D**

Solution: Ice অর্থ বরফ; তুষার। Coldness অর্থ ঠাণ্ডাই; শৈত্য শীতলতা। Earth অর্থ পৃথিবী। Weight অর্থ ওজন। Jungle অর্থ জঙ্গল। Sea অর্থ সাগর। Gravity অর্থ মধ্যাকর্ষণ শক্তি।
ব্যাখ্যাঃ Ice এর Coldness থাকায় বরফের উপাদান পরস্পরের সাথে লেগে থাকে। আর Earth এর Gravity থাকায় Earth এর সবকিছু ছিটকে পড়ে না বা লেগে থাকে।

05. **নওগাঁ জেলায় পাহাড়পুরে অবস্থিত 'সোমপুর বিহার' এর প্রতিষ্ঠাতা কে?**

a) গোপাল b) ধর্মপাল
c) মহীপাল d) বিগ্রহপাল ***ans.* B**

Solution: পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার। এটি নাটোর জেলার পাহাড়পুর নামক স্থানে অবস্থিত। পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব (৭৮১-৮২১) অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে এই বিহার তৈরি করেছিলেন। ১৮৭৯ খ্রিস্টাব্দে স্যার আলেকজান্ডার কানিংহাম এই বিশাল স্থাপনা আবিষ্কার করেন। উল্লেখ্য, এই স্থাপত্য কর্মটি জাতিসংঘের ইউনেস্কো কর্তৃক বিশ্বসভ্যতার নিদর্শন হিসেবে (ওয়ার্ল্ড হ্যারিটেজ) স্বীকৃত হয়েছে।

06. **IUCN এর কাজ হলো বিশ্বব্যাপী**

a) পানি সম্পদ রক্ষা করা
b) সন্ত্রাস দমন করা
c) প্রাকৃতিক সম্পদ রক্ষা করা
d) পরিবেশ দূষণ রোধ করা ***ans.* C**

Solution: IUCN এর পূর্ণরূপ International Union for Conservation of Nature. এটি হলো প্রকৃতি সংরক্ষণের জন্য আন্তর্জাতিক সংস্থা। ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত এই সংস্থাটির সদর দপ্তর হলো গ্লান্ড, সুইজারল্যান্ডে।

07. **কোন চুক্তির মাধ্যমে ইউরোপের "Thirty years' war" এর সমাপ্তি ঘটে?**

a) ভারসাই চুক্তি, ১৯১৯
b) ওয়স্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮
c) প্যারিস চুক্তি, ১৭৮৩
d) লুজান চুক্তি, ১৯২৩ ***ans.* B**

Solution: ওয়স্টফেলিয়া শান্তি চুক্তি হলো ইউরোপে ধর্ম ও রাজনীতি নিয়ে ১৬১৮ সাল থেকে শুরু হওয়া যুদ্ধের সমাপ্তির জন্য স্বাক্ষরিত শান্তি চুক্তি। এটি ১৬৪৮ সালের মে থেকে আগস্ট মাসের মধ্যে জার্মানির ওয়স্টফেলিয়ায় স্বাক্ষরিত হয়। ইউরোপে শান্তি প্রতিষ্ঠায় এই চুক্তির ফলে ৩০ বছরের যুদ্ধের সমাপ্তি হয়। যদিও চুক্তিটি পুরো ইউরোপে শান্তি ফিরিয়ে দেয়নি, তবে তারা জাতীয় আত্মনির্ধারণের জন্য একটি ভিত্তি তৈরি করেছিল। পিস অব ওয়স্টফেলিয়া ইউরোপে রাষ্ট্রের সার্বভৌমত্ব, আন্তঃরাষ্ট্রীয় কূটনীতি এবং ক্ষমতার ভারসাম্যের জন্য গুরুত্বপূর্ণ রাজনৈতিক নজির স্থাপন করেছিল।

Recent Publication

Set

08. $P(A) = \frac{1}{3}$; $P(B) = \frac{2}{3}$; A ও B স্বাধীন হলে $P\left(\frac{B}{A}\right) =$ কত?

a) $\frac{3}{4}$ b) $\frac{2}{3}$

c) $\frac{1}{3}$ d) $\frac{1}{4}$ **ans. B**

Solution: আমরা জানি, $P\left(\frac{B}{A}\right) = \frac{P(A \cap B)}{P(A)}$

$\Rightarrow P\left(\frac{B}{A}\right) = \frac{P(A) \times P(B)}{P(A)}$

$\Rightarrow P\left(\frac{B}{A}\right) = P(B)$

$\therefore P\left(\frac{B}{A}\right) = \frac{2}{3}$

09. Which word is correct?

a) Furnitures b) Informations

c) Sceneries d) Proceeds **ans. D**

Solution: Uncountable noun যেমন Furniture, information, scenery, poetry, knowledge ইত্যাদি সর্বদাই Singular হিসেবে ব্যবহৃত হয়। আর Proceeds হলো Plural noun যার অর্থ আয় বা মুনাফা।

10. মার্কিন তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়-

a) ২৯ ফেব্রুয়ারি, ২০২০ b) ২৫ জানুয়ারি, ২০২০

c) ৩০ এপ্রিল, ২০২০ d) ২ মার্চ, ২০২০ **ans. A**

Solution: মার্কিন তালেবান ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয় ২৯ ফেব্রুয়ারি, ২০২০ সালে।

Series

11. 5 + 8 + 11 + 14 + ... ধারাটির কত তম পদ 302?

a) 60 তম পদ b) 70 তম পদ

c) 90 তম পদ d) 100 তম পদ **ans. D**

Solution: দেওয়া আছে, ১ম পদ = $a = 5$;

সাধারণ অন্তর, $d = (8 - 5) = 3$

n তম পদ = 302

আমরা জানি, n তম পদ = $a + (n - 1)\,d$

$\Rightarrow 302 = 5 + (n - 1)\,3$

$\Rightarrow (n - 1)\,3 = 297$

$\Rightarrow n - 1 = 99$

$\therefore n = 100$

Time & Speed

12. ৩০ কি.মি. পথ পাড়ি দিতে জয়নুলের রনির থেকে ২ ঘন্টা সময় বেশি লেগেছে। জয়নুল যদি তার গতি দ্বিগুণ করত তাহলে রনির থেকে ১ ঘন্টা সময় কম লাগত। জয়নুলের গতি কত ছিল?

a) ৪ কি.মি./ঘন্টা b) ৭.৫ কি.মি./ঘন্টা

c) ৬ কি.মি./ঘন্টা d) ৫ কি.মি./ঘন্টা **ans. D**

Solution: ধরি, জয়নুলের বেগ x kmh.

দুই সময়ের পার্থক্য = ২ + ১ = ৩ ঘন্টা

পথ পাড়ি দেয়ার সময় = $\frac{৩০}{x}$ ঘন্টা

প্রশ্নমতে, $\frac{৩০}{x} - \frac{৩০}{২x} = ৩$

$\Rightarrow \frac{৬০ - ৩০}{২x} = ৩$

$\Rightarrow ৬x = ৩০$

$\therefore x = \frac{৩০}{৬} = ৫$

অর্থাৎ জয়নুলের গতি ৫ *kmh* ছিল।

13. বঙ্গালি উপভাষা অঞ্চল কোনটি?

a) নদীয়া b) ত্রিপুরা

c) পুরুলিয়া d) বরিশাল **ans. D**

Solution: উপভাষা বলতে বোঝানো হয় দেশের বিভিন্ন ক্ষুদ্র অঞ্চলে ব্যবহৃত ভাষাকে বা আঞ্চলিক ভাষাকে বা বিশেষ অঞ্চলের দৈনন্দিন জীবন-যাপনের ভাষাকে। বঙ্গালি উপভাষা অঞ্চল হলো 'বরিশালি' (বরিশাল), 'খুলনাইয়া' (খুলনা), 'ময়মনসিংহীয়' (ময়মনসিংহ), 'নোয়াখালীয়' (নোয়াখালী), 'ঢাকাইয়া কুট্টি' ইত্যাদি।

পৃথিবীর প্রায় সব ভাষাতেই উপভাষা আছে। বস্তুত ভাষা ও উপভাষার মধ্যে কোনো অন্তর সহজাত পার্থক্য নেই; উপভাষা হলো একটি ভাষার ভৌগোলিক রূপভেদ।

14. 'D8 Organization for Economic Cooperation' বা D8 এর দশম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?

a) আবুজা b) ঢাকা

c) তেহরান d) ইস্তাম্বুল **ans. B**

Solution: উন্নয়নশীল ৮ দেশের জোট বা ডি-এইট রাষ্ট্রগুলো হচ্ছেঃ বাংলাদেশ, মিশর, ইন্দোনেশিয়া, ইরান, তুরস্ক, মালয়েশিয়া, নাইজেরিয়া এবং পাকিস্তান। এই জোটের মূল উদ্দেশ্য হচ্ছে অর্থনৈতিক উন্নয়ন।

ডি-৮ এর দশম শীর্ষ সম্মেলন হওয়ার কথা ছিল ঢাকায়। এর জন্য প্রয়োজনীয় প্রস্তুতিও নেওয়া ছিল। বেশ কয়েকটি দেশের রাষ্ট্র ও সরকার প্রধান অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন বলে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিকভাবে জানিয়েছিলেনও বাংলাদেশকে। কিন্তু করোনা ভাইরাসের কারণে ঐ অনুষ্ঠান করা সম্ভব হয়নি। এটি হবে সংস্থাটির

Recent Publication

দশম শীর্ষ সম্মেলন। এর আগে ১৯৯৯ সালের শীর্ষ সম্মেলনের আয়োজক ছিলো বাংলাদেশ।

15. To doctor an animal means:

a) to treat it b) to sterilize
c) to poison it d) to cure it **ans. B**

Solution: Doctor শব্দটি Noun হিসেবে বসলে এর অর্থ হয় চিকিৎসা। কিন্তু এটি verb হিসেবে বসলে এর অর্থ হয় চিকিৎসা করা; বিড়াল বা ছাগল ইত্যাদিকে খাসি করা। যেমনঃ To doctor a tomcat. আর অন্যদিকে To sterilize অর্থ নিষ্ফলা করে তোলা বা প্রাণির কোনো অঙ্গ অপসারণের মাধ্যমে তাকে বন্ধ্যা করে ফেলা। তাই সঠিক উত্তর হবে অপশন *b*). কিন্তু, To treat it অর্থ চিকিৎসা করা। To poison it অর্থ বিষ প্রয়োগ করা। To cure it অর্থ আরোগ্য লাভ করানো।

16. সবুজপত্র পত্রিকাটির সম্পাদক কে?

a) মোহাম্মদ নাসির উদ্দিন b) শেখ ফজলুল করিম
c) প্রমথ চৌধুরী d) রবীন্দ্রাথ ঠাকুর **ans. C**

Solution: চলিত রীতি প্রতিষ্ঠায় 'সবুজপত্র' পত্রিকার নাম স্মরণীয়। ১৯১৪ খ্রিষ্টাব্দে মাসিক 'সবুজপত্র' প্রমথ চৌধুরীর সম্পাদনায় প্রকাশিত হয়। বাংলা গদ্যরীতির বিকাশে এই পত্রিকার গুরুত্ব অপরিসীম। সাধু গদ্যরীতির বদলে চলিত গদ্যরীতি এই পত্রিকা ব্যবহার ও প্রতিষ্ঠা করে। রবীন্দ্রনাথ ঠাকুর নিজেও এই পত্রিকায় লেখার সুবাদে চলিত গদ্যরীতির স্বাচ্ছন্দ্য অনুভব এবং পরে তা চর্চা করেন। সাহিত্যজগতে এই পত্রিকা 'সবুজপত্র গোষ্ঠী' তৈরি করতে সক্ষম হয়।

17. বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী গঠিত?

a) ১৩৬ b) ১৩৭
c) ১৩৮ d) ১৪০ **ans. B**

Solution: বাংলাদেশ সংবিধানে ১৩৭ নং অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশন গঠন সম্পর্কে বলা হয়েছে। ১৩০ নং অনুচ্ছেদে অস্থায়ী মহা হিসাব নিরীক্ষক, ১৩১ নং অনুচ্ছেদে প্রজাতন্ত্রের হিসাব রক্ষার আকার ও পদ্ধতি এবং ১৪০ নং অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশনের দায়িত্ব সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

18. ১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো?

a) ২৫ জানুয়ারি b) ১১ ফেব্রুয়ারি
c) ১১ মার্চ d) ২৫ এপ্রিল **ans. C**

Solution: ১৯৪৮ সালের ১১ মার্চ ঐতিহাসিক 'রাষ্ট্রভাষা দিবস' হিসেবে পালন করা হয়। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির পূর্ব পর্যন্ত ১১ মার্চ রাষ্ট্রভাষা দিবস হিসেবে পালিত হয়ে আসছিল। অতএব ঘটনাবহুল এ দিবসটি ঐতিহাসিক ও সামাজিক মর্যাদায় আমাদের জাতীয় জীবনে অত্যধিক গুরুত্ববহ ও খুবই তাৎপর্যপূর্ণ।

১৯৪৮ সালের ১১ মার্চ রাষ্ট্রভাষা বাংলা চাই দাবিতে পূর্ব বাংলায় সর্বাত্মক সাধারণ ধর্মঘট পালিত হয়। এটাই ছিল ভাষা আন্দোলনের ইতিহাস তথা পাকিস্তান প্রতিষ্ঠার পর এ দেশের প্রথম সফল হরতাল। ১১ মার্চ প্রতিবাদের যে ভিত রচনা হয়েছিল তারই সূত্র ধরে তৎকালীন সরকার ১৫ মার্চ রাষ্ট্রভাষা চুক্তি স্বাক্ষর করতে বাধ্য হয় এবং এই সংগ্রামের পরিপূর্ণতা লাভ করে ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারিতে। ১৯৪৮ সালের ১১ মার্চের সিঁড়ি বেয়েই ৫২'র ভাষা আন্দোলন ৬৯ সালের গণঅভ্যুত্থান, সত্তরের নির্বাচন এবং পরবর্তীকালে স্বাধীনতা আন্দোলন বিকাশ লাভ করে। যার চূড়ান্ত পরিণতি ১৯৭১ সালে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়।

19. বাংলাদেশের জাতীয় আয়ে কোন খাতে প্রবৃদ্ধির হার সবচেয়ে বেশি?

a) কৃষি ও বনজ b) সেবা ও সামাজিক সেবা
c) শিল্প d) মৎস্য **ans. C**

Solution: বাংলাদেশের জাতীয় আয়ে শিল্প খাতে প্রবৃদ্ধির হার সবচেয়ে বেশি।

খাতসমূহ	প্রবৃদ্ধির হার (%)		অবদানের হার (%)	
	২০১৮-১৯	২০১৯-২০	২০১৮-১৯	২০১৯-২০
কৃষি	৩.৯২	৩.১১	১৩.৬৫	১৩.৩৫
শিল্প	১২.৬৭	৬.৪৮	৩৫.০০	৩৫.৩৬
সেবা	৬.৭৮	৫.৩২	৫১.৩৫	৫১.৩০
সার্বিক GDP (উৎপাদন মূল্যে)	৮.১৫	৫.২৪	১০০.০০	১০০.০০

20. ১৯৭১ সালে মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম ছিল

a) জয় বাংলা b) বাংলাদেশ
c) স্বাধীনতা d) মুক্তির ডাক **ans. A**

Solution: ১৯৭১ সালে মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম ছিল 'জয় বাংলা'। মুক্তিযুদ্ধের সপক্ষে দেশে-বিদেশে জনমত গড়ে তুলতে সাপ্তাহিক 'জয় বাংলা' পত্রিকা রাখে অসামান্য ভূমিকা। মুক্তিযুদ্ধের ৯ মাসে মুক্তাঞ্চলসহ দেশের বিভিন্ন এলাকা থেকে মুক্তিযুদ্ধের স্বপক্ষে সীমিত প্রচার সংখ্যায় প্রায় শতাধিক পত্রিকা আত্মপ্রকাশ করে। কিন্তু সেগুলোর প্রকাশনা ছিল অনিয়মিত। ১৯৭১ সালের ১১ মে থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত ৩৪টি সংখ্যার প্রতিটি প্রকাশ হয় নিয়মিতভাবেই। ওই বিরুদ্ধ সময়ে মুক্তিকামী জনতার কণ্ঠস্বরে পরিণত হওয়া আট পৃষ্ঠা পত্রিকাটির প্রচার সংখ্যা ছিল ৩০ হাজার পর্যন্ত। মুক্তিযুদ্ধের ১১টি সেক্টর, সাবসেক্টর, মুক্তাঞ্চল এবং ভারতের শরণার্থী শিবিরগুলোতে 'জয় বাংলা' পাওয়া যেত। এমনকি পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং মেঘালয়ের মানুষও 'জয় বাংলা' পড়তেন। বাংলাদেশের

Recent Publication

পত্রিকা হিসেবে তাদের কাছে এটির আলাদা কদর ছিল। আবার প্রবাসী সরকারের পক্ষ থেকে নিবন্ধনপ্রাপ্ত প্রথম পত্রিকাও এটি, যার নম্বর-১। সে হিসেবে 'জয় বাংলা'ই সরকার অনুমোদিত বাংলাদেশের প্রথম পত্রিকা।

21. ভারতে বছরের কোন দিনটি সিভিল সার্ভিস দিবস (Civil Service Day) হিসেবে পালিত হয়?

a) ২১ এপ্রিল b) ২ অক্টোবর
c) ২৬ জানুয়ারি d) ১০ মে **ans. A**

22. প্রতিবছর কোন তারিখে বাংলাদেশ জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়?

a) ২ ফেব্রুয়ারি b) ৮ ফেব্রুয়ারি
c) ৮ মার্চ d) ৭ এপ্রিল **ans. A**

Solution: প্রতিবছর ২ ফেব্রুয়ারি বাংলাদেশে জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়। আর ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস পালিত হয়। উল্লেখ্য, ৮ মার্চ পালন করা হয় আন্তর্জাতিক নারী দিবস। ৭ এপ্রিল পালন করা হয় বিশ্ব স্বাস্থ্য দিবস।

23. 'বাবা' কোন ভাষার অন্তর্গত শব্দ?

a) তৎসম b) তদ্ভব
c) ফারসি d) তুর্কি **ans. D**

Solution: 'বাবা' শব্দটি তুর্কি ভাষার শব্দ। আরো কয়েকটি তুর্কি ভাষার শব্দ: চাকর, চাকু, তোপ, উজবুক, উর্দি, কুলি, খান, খোকা, বাবুর্চি, বেগম, মুচলেকা, লাশ সওগাত ইত্যাদি।

24. ১৯৭১ সালে 'The Concert for Bangladesh' কোথায় অনুষ্ঠিত হয়?

a) চট্টগ্রাম b) কলকাতা
c) লন্ডন d) নিউইয়র্ক **ans. D**

www.exambd.net

ব্যাখ্যা $A = \{x : x$ Fibonacci সংখ্যা এবং $x^2 < 64\}$

$\therefore A = \{0, 1, 2, 3, 5\}$ [$\because$ Fibonacci ধারা : 0, 1, 1, 2, 3, 5, 8, 13, ...]

এখানে, A এর উপাদান সংখ্যা $n = 5$

$\therefore P(A)$ এর উপাদান সংখ্যা $= 2^n = 2^5 = 32$

১৬২. 4 জন মহিলা ও 6 জন পুরুষের মধ্য থেকে 4 সদস্যবিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করতে হবে যাতে 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদাই উপস্থিত থাকেন। কত প্রকারে ঐ কমিটি গঠন করা যেতে পারে?

ক 210 খ 304

গ 84 ঘ 120

ব্যাখ্যা যেহেতু 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদাই উপস্থিত থাকবে সেহেতু অবশিষ্ট 5 জন পুরুষ ও 4 জন মহিলা হতে 3 সদস্যবিশিষ্ট উপ-কমটি গঠন করা যায় $= (5+4)_{C_3}$ উপায়ে

$= {}^9C_3$

$= \frac{9!}{3!(9-3)!}$

$= \frac{9!}{3!6!}$

$= \frac{9\times8\times7\times6!}{3\times2\times1\times6!}$

$= 84$ উপায়ে

১৬৩. 30 থেকে 40 পর্যন্ত সংখ্যা থেকে যেকোনো একটিকে ইচ্ছেমত নিলে সে সংখ্যাটি মৌলিক অথবা 5 এর গুণিতক হওয়ার সম্ভাবনা কত?

ক $\frac{5}{11}$ খ $\frac{1}{2}$

গ $\frac{3}{5}$ ঘ $\frac{6}{11}$

ব্যাখ্যা 30 থেকে 40 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো : 31, 37

30 " 40 " 5 এর গুণিতক সংখ্যাগুলো : 30, 35, 40

$\therefore$ 30 থেকে 40 পর্যন্ত মোট সংখ্যা 11টি

$\therefore P$ (সংখ্যাটি মৌলিক অথবা 5 এর গুণিতক) $= \frac{(2+3)}{11}$

$= \frac{5}{11}$

১৬৪. টাকায় 5 টি মার্বেল বিক্রয় করায় 12% ক্ষতি হয়। 10% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে?

ক 4 টি খ 3 টি

গ 2 টি ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা 12% ক্ষতিতে বিক্রয়মূল্য $(100-12)$ টাকা

$= 88$

বিক্রয়মূল্য 88 টাকা হলে ক্রয়মূল্য 100 টাকা

1 " $\frac{100}{88}$ "

10% লাভে বিক্রয়মূল্য $(100+10)$ টাকা

$= 110$

ক্রয়মূল্য 100 টাকা হলে বিক্রয়মূল্য 110 টাকা

1 " $\frac{110}{100}$ "

$\frac{100}{88}$ " $\frac{110}{100}\times\frac{100}{88}$ "

$= \frac{110}{88}$ টাকা

$\frac{110}{88}$ টাকায় বিক্রয় করতে হবে 5টি মার্বেল

1 " $\frac{5\times88}{110}$ "

$= 4$টি মার্বেল

১৬৫. দুটি সংখ্যার অনুপাত 2 : 3 এবং গ. সা. গু. 4 হলে বৃহত্তর সংখ্যাটি কত?

ক 6 খ 12

গ 8 ঘ 16

ব্যাখ্যা ধরি, সংখ্যা দুটি $2x$ ও $3x$

$2x$ ও $3x$ এর গ. সা. গু. x

$\therefore x = 4$

বৃহত্তম সংখ্যাটি $= (3\times4) = 12$

১৬৬. কোন আসল 3 বছরে মুনাফা-আসলে 5500 টাকা হয়। মুনাফা আসলের $\frac{3}{8}$ অংশ হলে মুনাফার হার কত?

ক 10% খ 12.5%

গ 15% ঘ 12%

ব্যাখ্যা ধরি, আসল 8 টাকা

মুনাফা $\left(8 \text{ এর } \frac{3}{8}\right)$ টাকা

$= 3$

মুনাফা-আসল $(8+3)$ টাকা

$= 11$

উত্তর

১৬২ গ

১৬৩ ক

১৬৪ ক

১৬৫ খ

১৬৬ খ

www.exambd.net

মুনাফা-আসল 11 টাকা হলে মুনাফা 3 টাকা

5500 " " " $\frac{5500\times3}{11}$

$= 1500$

আসল $= (5500 - 1500)$ টাকা $= 4000$ টাকা

মুনাফার হার $r = \left(\frac{1500\times100}{4000\times3}\right)\%$

$= 12.5\%$

১৬৭. মি. রেজা তাঁর সম্পদের 12% স্ত্রীকে, 58% ছেলেকে এবং অবশিষ্ট 720000/- টাকা মেয়েকে দিলেন। তার সম্পদের মোট মূল্য কত?

ক 2400000 টাকা খ 2000000 টাকা

গ 1600000 টাকা ঘ 1200000 টাকা

ব্যাখ্যা স্ত্রী ও ছেলেকে সম্পদ দেওয়ার পর অবশিষ্ট সম্পদের পরিমাণ $(100 - 12 - 58)\%$

$= (100 - 70)\%$

$= 30\%$

30% সম্পদের মূল্য = 720000 টাকা

$\therefore$ 100% " $= \frac{720000\times100\%}{30\%}$ "

$= 2400000$ টাকা

১৬৮. $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?

ক $3\sqrt{2}$ খ $18\sqrt{3}$

গ $12\sqrt{3}$ ঘ 8

ব্যাখ্যা $x = \sqrt{3} + \sqrt{2}$

$\Rightarrow \frac{1}{x} = \frac{1}{\sqrt{3}+\sqrt{2}}$

$= \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})}$

$= \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}$

$\Rightarrow \frac{1}{x} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}$

$\therefore \frac{1}{x} = \sqrt{3} - \sqrt{2}$

$\therefore x + \frac{1}{x} = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2} = 2\sqrt{3}$

এখন, $x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$

$= \left(2\sqrt{3}\right)^3 - 3\times2\sqrt{3}$

$= 8\times3\sqrt{3} - 6\sqrt{3}$

$= 24\sqrt{3} - 6\sqrt{3}$

$= 18\sqrt{3}$

১৬৯. $\log_x\left(\frac{1}{8}\right) = -2$ হলে, x = কত?

ক 2 খ $\sqrt{2}$

গ $2\sqrt{2}$ ঘ 4

ব্যাখ্যা $\log_x\left(\frac{1}{8}\right) = -2$

$\Rightarrow x^{-2} = \frac{1}{8}$ [$\because x = \log_a N$ হলে $a^x = N$]

$\Rightarrow \frac{1}{x^2} = \frac{1}{8}$

$\Rightarrow x^2 = 8$

$\Rightarrow x^2 = \left(2\sqrt{2}\right)^2$

$\therefore x = 2\sqrt{2}$ [$\because$ পাওয়ার বা ঘাত সমান]

১৭০. $2^x + 2^{1-x} = 3$ হলে, x = কত?

ক (1, 2) খ (0, 2)

গ (1, 3) ঘ (0, 1)

ব্যাখ্যা $2^x + 2^{1-x} = 3$

$\Rightarrow 2^x + \frac{2^1}{2^x} = 3$

$\Rightarrow a + \frac{2}{a} = 3$ [$2^x = a$ ধরে]

$\Rightarrow a^2 + 2 = 3a$

$\Rightarrow a^2 - 3a + 2 = 0$

$\Rightarrow a^2 - 2a - a + 2 = 0$

$\Rightarrow a(a-2) - 1(a-2) = 0$

$\Rightarrow (a-2)(a-1) = 0$

এখন, $a - 2 = 0$ এবং $a - 1 = 0$

$\therefore a = 2$ এবং $a = 1$

$\Rightarrow 2^x = 2$ এবং $2^x = 1$

$\Rightarrow 2^x = 2^1$ এবং $2^x = 2^0$

$\Rightarrow x = 1$ এবং $x = 0$

$x = (0, 1)$

উত্তর
১৬৭ ক
১৬৮ খ
১৬৯ গ
১৭০ ঘ

www.exambd.net

১৭১. বাস্তব সংখ্যায় $|2x-3|\le|$ অসমতাটির সমাধান–

ক $1<x<2$ খ $x\le1$ অথবা $x\ge2$

গ $1\le x\le2$ ঘ $-1<x<2$

[Note : $|2x-3|\le|$ এর পরিবর্তে $|2x-3|\le1$ হলে উত্তর হবে (গ) $1\le x\le2$]

ব্যাখ্যা $|2x-3|\le1$

$(2x-3)$ অঋণাত্মক হলে প্রদত্ত অসমতা দাঁড়ায় $(2x-3)\le1$

$\Rightarrow 2x-3+3\le1+3$

$\Rightarrow 2x\le4$

$\Rightarrow \frac{2x}{2}\le\frac{4}{2}$

$x\le2$

আবার, $(2x-3)$ ঋণাত্মক হলে প্রদত্ত অসমতা দাঁড়ায় $-(2x-3)\le1$

$\Rightarrow 2x-3\ge-1$ [-1 দ্বারা গুণ করে]

$\Rightarrow 2x-3+3\ge-1+3$

$\Rightarrow 2x\ge2$

$\Rightarrow \frac{2x}{2}\ge\frac{2}{2}$

$\therefore x\ge1$

নির্ণেয় অসমতা $1\le x\le2$

১৭২. একটি সমান্তর অনুক্রমে 5ম পদটি 18 এবং প্রথম 5টি পদের যোগফল 75 হলে প্রথম পদটি কত?

ক 2 খ 10

গ 4 ঘ 12

ব্যাখ্যা ধরি,

ধারাটির ১ম পদ a

সাধারণ অন্তর d

$\therefore a+(5-1)d=18$

$\Rightarrow a+4d=18$ ..... (1)

এবং $\frac{5}{2}\{2a+(5-1)d\}=75$

$\Rightarrow 2a+4d=30$ ..... (2)

$(1)\times2-(2)$

$2a+8d=36$

$2a+4d=30$

$(-)\ (-)\ (-)$

$\Rightarrow 4d=6$

$\Rightarrow d=\frac{6}{4}$

$\therefore d=\frac{3}{2}$

$(1)\Rightarrow a+4\times\frac{3}{2}=18$

$\Rightarrow a+6=18$

$\Rightarrow a=18-6$

$\therefore a=12$

১৭৩. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?

ক $\frac{\sqrt{3}}{2}a^2$ খ $\frac{2}{3}a^2$

গ $\frac{2}{\sqrt{3}}a^2$ ঘ $\frac{\sqrt{3}}{4}a^2$

ব্যাখ্যা সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক।

১৭৪. একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?

ক 60° খ 45°

গ 30° ঘ 25°

ব্যাখ্যা ধরি, একটি কোণ x

কোণটির পূরক কোণ $(90^\circ-x)$

$\therefore x=\frac{90^\circ-x}{2}$

$\Rightarrow 2x=90^\circ-x$

$\Rightarrow 2x+x=90^\circ$

$\Rightarrow 3x=90^\circ$

$\Rightarrow x=\frac{90^\circ}{3}$

$\therefore x=30^\circ$

১৭৫. ΔABC এ $\angle B=90^\circ$, যদি $AC=2AB$ হয় তবে, $\angle C$ এর মান কত?



ক 45° খ 22.5°

গ 30° ঘ 60°

ব্যাখ্যা



ধরি, $\angle c=\theta$

উত্তর

১৭১ Note

১৭২ ঘ

১৭৩ ঘ

১৭৪ গ

১৭৫ গ

www.exambd.net

এখন, ΔABC হতে, $AC = 2AB$

$$\Rightarrow \frac{AB}{AC} = \frac{1}{2}$$

$$\Rightarrow \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{1}{2}$$

$$\Rightarrow \sin\theta = \frac{1}{2} \quad [\because \sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}]$$

$\Rightarrow \sin\theta = \sin 30^\circ$

$\therefore \theta = 30^\circ$

অতএব $\angle c = 30^\circ$

১৭৬. "RAPIS" অক্ষরগুলোকে নতুন করে সাজালে নিচের কোনটি পাওয়া যাবে?

ⓚ একটি মহাসাগর ⓛ একটি শহর
ⓜ একটি দেশ ⓝ একটি প্রাণী

ব্যাখ্যা "RAPIS" অক্ষরগুলোকে সাজালে "PARIS" শব্দটি পাওয়া যায়। এটি ফ্রান্সের রাজধানী। অর্থাৎ PARIS ফ্রান্সের একটি শহর।

১৭৭. অম্বর এর প্রতিশব্দ কোনটি?

ⓚ পৃথিবী ⓛ জল
ⓜ সমুদ্র ⓝ আকাশ

ব্যাখ্যা অম্বর এর প্রতিশব্দ : আকাশ, গগন, অন্তরীক্ষ প্রভৃতি।
পৃথিবী " : ধরা, বসুমতী, অখিল প্রভৃতি।
জল : সলিল, বারি, উদক প্রভৃতি।
সমুদ্র " : সাগর, রত্নাকর, জলধি প্রভৃতি।

১৭৮. ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল কত?

ⓚ ৪৯৯৯ ⓛ ৫৫০১
ⓜ ৫০০০ ⓝ ৫০০১

ব্যাখ্যা ১থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল

$$= \frac{১০০ \times (১০০ + ১)}{২}$$

$$= \frac{১০০ \times ১০১}{২}$$

$$= ৫০ \times ১০১$$

$$= ৫০৫০$$

১৭৯. আগামী পরশুর পরের দিন যদি রবিবার হয় তবে, গতকালের আগের দিন কি বার ছিল?

ⓚ সোমবার ⓛ মঙ্গলবার
ⓜ বৃহস্পতিবার ⓝ শনিবার

ব্যাখ্যা মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি রবিবার
↓ ↓ ↓ ↓ ↓ ↓
গতকালের আগের দিন গতকাল আজ আগামীকাল পরশু পরশুর পরের দিন
নির্ণেয় দিন মঙ্গলবার

১৮০. ১৯৯৪ সালের ১ ডিসেম্বর বৃহস্পতিবার হলে ১৯৯৫ সালের একই তারিখ কি বার হবে?

ⓚ বৃহস্পতিবার ⓛ শুক্রবার
ⓜ বুধবার ⓝ শনিবার

ব্যাখ্যা ১৯৯৫ সাল লিপ ইয়ার নয়
মোট সময় ৩৬৫ দিন
৩৬৫ − ৭ = ৫২ সপ্তাহ ১ দিন
১৯৯৫ সালের ৩০ নভেম্বর বৃহস্পতিবার
অর্থাৎ ১৯৯৫ সালের ১ ডিসেম্বর শুক্রবার।

১৮১.

ⓚ ১৬৪ ⓛ ৯৭
ⓜ ১৯১ ⓝ ১৩৭

ব্যাখ্যা ১ম ক্ষেত্রে : $৩^২ + ৪^২ = ৯ + ১৬ = ২৫$
২য় ক্ষেত্রে : $৫^২ + ৬^২ = ২৫ + ৩৬ = ৬১$
৩য় ক্ষেত্রে : $১০^২ + ৮^২ = ১০০ + ৬৪ = ১৬৪$

১৮২. UNFARE শব্দটি আয়নায় দেখলে তার সঠিক রূপটি হবে–

ⓚ ƎЯAꟻNU ⓛ UNꟻAЯƎ
ⓜ UNꟻAЯƎ ⓝ ⅂NꟻAЯƎ

১৮৩. The novelist has a hold of —— in writing.

ⓚ manner ⓛ history
ⓜ tradition ⓝ style

ব্যাখ্যা The novelist has a hold of style in writing। শূন্যস্থানে style শব্দটি ব্যবহার করলে ইংরেজি বাক্যটির বাংলা অর্থ হয়– ঔপন্যাসিকের লেখনীতে একটি নিজস্ব ঢং বা বৈশিষ্ট্য আছে। এছাড়া বাকি অপশনগুলো (manner, history, tradition) শূন্যস্থানে বসালে কোনো অর্থপূর্ণ sentence হয় না।

১৮৪. কোন সংখ্যাটি নিম্নোক্ত ধারায় অন্তর্ভুক্ত নয়?
১ − ২ − ৫ − ১০ − ১৩ − ২৬ − ২৯ − ৪৮

ⓚ ১ ⓛ ১০
ⓜ ২৯ ⓝ ৪৮

ব্যাখ্যা এখানে দুটি ধারা বিদ্যমান :
১ম ধারা : ১ ৫ ১৩ ২৯ ৬১
অন্তর : ৪ ৮ ১৬ ৩২
২য় ধারা : ২ ১০ ২৬ ৫৮
অন্তর : ৮ ১৬ ৩২
অতএব, ধারাটি হবে : ১ ২ ৫ ১০ ১৩ ২৬ ২৯ ৫৮ ৬১
৪৮ প্রদত্ত ধারার অন্তর্ভুক্ত নয়।

উত্তর

১৭৬	খ
১৭৭	ঘ
১৭৮	গ
১৭৯	খ
১৮০	খ
১৮১	ক
১৮২	ক
১৮৩	ঘ
১৮৪	ঘ

www.exambd.net

১৮৫. নিম্নের চারটির মধ্যে কোনটি ভিন্ন?

ক পিতল খ তামা
গ লোহা ঘ টিন

ব্যাখ্যা *পিতল একটি সংকর ধাতু যা তামা ও দস্তার সমন্বয়ে গঠিত। অপরদিকে তামা, লোহা ও টিন মৌলিক ধাতু। সুতরাং চারটির মধ্যে পিতল ভিন্ন।*

১৮৬. নিচের কোনটি প্রশ্নবোধক স্থানে বসবে?

JD – KF – ? PM – TR

ক NJ খ MI
গ NI ঘ OJ

ব্যাখ্যা *এখানে, দুটি ধারা বিদ্যমান।*

ধারা : J K M P T
অক্ষর পার্থক্য : 0টি 1টি 2টি 3টি

ধারা : D F I M R
অক্ষর পার্থক্য : 1টি 2টি 3টি 4টি

প্রশ্নবোধক স্থানে MI হবে।

১৮৭. দুই ব্যক্তি একটি কাজ একত্রে ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একা কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একা ঐ কাজটি কত দিনে করতে পারবে?

ক ২০ দিনে খ ২৫ দিনে
গ ২৪ দিনে ঘ ৩০ দিনে

ব্যাখ্যা *দ্বিতীয় ব্যক্তি একা ঐ কাজটি করতে পারে* $\left(\frac{১২\times৮}{১২-৮}\right)$ *দিনে*

$= \frac{১২\times৮}{৪}$

$= ২৪$ *দিনে*

১৮৮. একটি ঘড়ির দর্পণ প্রতিবিম্ব নিম্নরূপ–

বাস্তবে এই ঘড়িতে কটা বাজে?

ক ৬ : ১৫ খ ৮ : ৪০
গ ৭ : ২০ ঘ ৭ : ৪০

ব্যাখ্যা

এর দর্পণ চিত্র

ঘড়িতে সময় 7 : 20
অতএব বাস্তবে ঘড়িটিতে সময় 7 20।

১৮৯. নিচের কোনটি মৌলিক সংখ্যা নয়?

ক ২৬৩ খ ২৩৩
গ ২৫৩ ঘ ২৪১

ব্যাখ্যা ১ *থেকে বড় যে সংখ্যাটি ১ ও ঐ সংখ্যা ব্যতীত অন্য কোনো সংখ্যা দ্বারা বিভাজ্য নয় সেই সংখ্যাটিকে মৌলিক সংখ্যা বলে।*

এখন,

```
১১ ) ২৫৩ ( ২৩
     ২২
    ---
     ৩৩
     ৩৩
    ---
      ০
```

২৫৩ সংখ্যাটি মৌলিক সংখ্যা নয়।

১৯০. একজন লোক একটি নির্দিষ্ট স্থান A থেকে যাত্রা শুরু করে ১২ কিলোমিটার উত্তর দিকে গেল এবং সেখান থেকে ৫ কিলোমিটার পূর্ব দিকে গেল। যাত্রা শেষে সে A অবস্থান থেকে কত দূরে থাকবে?

ক ১৭ কি. মি. খ ১৫ কি. মি.
গ ১৪ কি. মি. ঘ ১৩ কি. মি.

ব্যাখ্যা



$\therefore A$ *অবস্থান থেকে দূরত্ব* $AC = \sqrt{AB^2 + BC^2}$

$= \sqrt{(১২)^2 + (৫)^2}$

$= \sqrt{১৪৪ + ২৫}$

$= \sqrt{১৬৯}$

$\therefore AC = ১৩$ *কিমি.*

১৯১. গোল্ডেন মিন (Golden Mean) হলো—

ক সমস্ত সম্ভাব্য কর্মের গড়
খ দুটি চরম পন্থার মধ্যবর্তী অবস্থা
গ ত্রিভুজের দুটি বাহন ভূ-কেন্দ্রিক সম্পর্ক
ঘ একটি প্রাচীন দার্শনিক ধারার নাম

ব্যাখ্যা *গোল্ডেন মিন (Golden Mean) বা সুবর্ণ মধ্যক একটি দার্শনিক পরিশব্দ, যার মাধ্যমে গ্রিক দার্শনিক এরিস্টটল দুটি চরমপন্থার মধ্যবর্তী অবস্থাকে বুঝিয়েছেন। যেমন একদিকে সম্পদের প্রাচুর্য এবং অন্যদিকে খুবই অভাব, এ দুটি অবস্থার মাঝামাঝি অবস্থাই হলো গোল্ডেন মিন।*

১৯২. কোন বছর ইউএনডিপি (UNDP) সুশাসনের সংজ্ঞা প্রবর্তন করে?

ক ১৯৯৫ খ ১৯৯৭
গ ১৯৯৮ ঘ ১৯৯৯

উত্তর

১৮৫	ক
১৮৬	খ
১৮৭	গ
১৮৮	গ
১৮৯	গ
১৯০	ঘ
১৯১	খ
১৯২	খ

www.exambd.net

ব্যাখ্যা জাতিসংঘের উন্নয়ন বিষয়ক বিশেষায়িত সংস্থা UNDP ১৯৯৭ সালে সুশাসনের যে সংজ্ঞা প্রদান করেছেন, সেখানে 'টেকসই মানব উন্নয়নের জন্য শাসন' উপ শিরোনামে যে পদ্ধতি নির্ধারণ করা হয়েছে, সেখানে বলা হয়েছে দেশের অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক কর্তৃপক্ষের সকল পর্যায়ের কাজের মধ্যে শাসন প্রক্রিয়া প্রতীয়মান হবে।

১৯৩. শূন্যবাদ যে ল্যাটিন শব্দ থেকে উদ্ভূত তার অর্থ—

ক সব　　খ কিছুই না
গ সর্বজনীন　　ঘ কিছু

ব্যাখ্যা বাংলা শূন্যবাদ বা শূন্যতাবাদ ল্যাটিন শব্দ nihil থেকে এসেছে, যার অর্থ nothing বা কিছুই না। অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে রাশিয়ায় এ বিপ্লবী মতবাদ বিস্তার লাভ করে। এ মতবাদীরা কোনো ক্ষমতা, নীতি-নিয়ম বা ধর্ম মানতে অস্বীকার করতো এবং ব্যক্তি নিজেকে সম্পূর্ণ স্বেচ্ছাধীন বলে বিবেচনা করতো। এ মতবাদ আইভান তুর্গেনিকের 'ফাদারস অ্যান্ড সানস' উপন্যাসের মাধ্যমে খ্যাতি লাভ করে।

১৯৪. ব্যক্তি সহনশীলতার শিক্ষা লাভ করে—

ক সুশাসনের শিক্ষা থেকে
খ আইনের শিক্ষা থেকে
গ মূল্যবোধের শিক্ষা থেকে
ঘ কর্তব্যবোধ থেকে

ব্যাখ্যা সহনশীলতার শিক্ষা ব্যক্তি লাভ করে থাকে মূল্যবোধের শিক্ষা থেকে। এটা সুনাগরিকের অন্যতম গুণ। গণতন্ত্র প্রতিষ্ঠা ও বিকাশের জন্য সহনশীলতা একান্ত অপরিহার্য। অন্যের মনোভাব ও মতামতকে শ্রদ্ধা করার মত সহিষ্ণু থাকা এবং যেকোনো বিষয়ে উত্তেজনা প্রশমিত করে সুখী ও সুন্দর সমাজ গঠনে সাহায্য করে সহনশীলতা।

১৯৫. সুশাসনের কোন নীতি সংগঠনের স্বাধীনতাকে নিশ্চিত করে?

ক অংশগ্রহণ　　খ জবাবদিহিতা
গ স্বচ্ছতা　　ঘ সাম্য ও সমতা

ব্যাখ্যা সুশাসনের স্বচ্ছতার নীতি সংগঠনের স্বাধীনতাকে নিশ্চিত করে। এটি একটি প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের স্বচ্ছতা প্রকাশ করার মাধ্যমে জবাবদিহিতা, সাম্য ও সমতার বিষয়টিকেও নিশ্চিত করে।

১৯৬. নিচের কোন রিপোর্টে বিশ্বব্যাংক সুশাসনের সংজ্ঞা প্রদান করেছে?

ক শাসন প্রক্রিয়া ও মানব উন্নয়ন
খ শাসন প্রক্রিয়া এবং সুশাসন
গ শাসন প্রক্রিয়া এবং নৈতিক শাসন প্রক্রিয়া
ঘ শাসন প্রক্রিয়া এবং উন্নয়ন

ব্যাখ্যা বিশ্বব্যাংকের ১৯৮৯ সালে প্রকাশিত প্রতিবেদন 'Sub-Saharan Africa : From Crisis to Sustainable Growth'-এ Good Governance বা সুশাসন প্রত্যয়টির প্রথম ব্যবহার করেন। তবে ১৯৯২ সালে প্রকাশিত বিশ্বব্যাংকের গবেষণা পত্র Governance and Development বা শাসন প্রক্রিয়া এবং উন্নয়নের মাধ্যমে সুশাসনের সংজ্ঞা প্রদান করেছেন।

১৯৭. নিচের কোনটি সুশাসনের উপাদান নয়?

ক অংশগ্রহণ　　খ স্বচ্ছতা
গ নৈতিক শাসন　　ঘ জবাবদিহিতা

ব্যাখ্যা সুশাসনের মূল আটটি উপাদান রয়েছে। যেখানে নৈতিক শাসন বলে কোনো উপাদান নেই। ঐ আটটি উপাদানের প্রধান প্রধান উপাদান হলো– আইনের শাসন, স্বচ্ছতা, সাড়াদান, দায়িত্বশীলতা ও অংশগ্রহণ।

১৯৮. নিচের কোনটি সংস্কৃতির উপাদান নয়?

ক আইন　　খ প্রতীক
গ ভাষা　　ঘ মূল্যবোধ

ব্যাখ্যা পৃথিবীতে সর্বজনীন সংস্কৃতি বলে কিছু নেই। কেননা এক সমাজ ও রাষ্ট্রে যা সংস্কৃতি অন্য সমাজ ও রাষ্ট্রে তা অপ-সংস্কৃতি। এরপরেও সংস্কৃতির সাধারণ উপাদান আছে, যা সকল দেশে একই। যেমন– ভাষা, প্রতীক, আদর্শ, মূল্যবোধ, বিশ্বাস, প্রথা, শিল্পকলা ইত্যাদি। তবে সংস্কৃতির উপাদান হিসেবে অনেকে সমাজতাত্ত্বিক আইনকে গ্রহণ করেছেন আবার কেউ তা বর্জন করেছেন।

১৯৯. জেরেমি বেন্থাম কোন দেশের অধিবাসী ছিলেন?

ক জার্মানি　　খ ফ্রান্স
গ মার্কিন যুক্তরাষ্ট্র　　ঘ যুক্তরাজ্য

ব্যাখ্যা বুর্জোয়া ন্যায়তত্ত্ব উপযোগবাদ বা Utilitarianism তত্ত্বের প্রবক্তা যুক্তরাজ্যের অধিবাসী জেরেমি বেন্থাম (১৭৪৮-১৮৩২) ছিলেন একাধারে দার্শনিক, বিচারক এবং সমাজ সংস্কারক।

২০০. মূল্যবোধ পরীক্ষা করে–

ক ভাল ও মন্দ　　খ ন্যায় ও অন্যায়
গ নৈতিকতা ও অনৈতিকতা　　ঘ উপরের সবগুলো

ব্যাখ্যা মূল্যবোধের অন্যতম উপাদান নীতি ও ঔচিত্যবোধের বিকাশ ভূমি বলা হয় সমাজকে। সমাজে কারো ক্ষতি না করা, কারো মনে কষ্ট না দেয়া, কটূক্তি না করা প্রভৃতি হলো নীতি ও ঔচিত্যবোধ। নীতি ও ঔচিত্যবোধের অনুমোদন ব্যক্তি তার নিজের কাছ থেকেই পেয়ে থাকে। এর ফলে সে ন্যায় ও অন্যায়, ভালো ও মন্দ, নৈতিকতা ও অনৈতিকতার মধ্যে পার্থক্য করতে পারে।

উত্তর

১৯৩	খ
১৯৪	গ
১৯৫	গ
১৯৬	ঘ
১৯৭	গ
১৯৮	ক
১৯৯	ঘ
২০০	ঘ

www.exambd.net

৩৭তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০১৬

পরীক্ষার তারিখ ৩০.০৯.২০১৬; সময় ২ ঘণ্টা; পূর্ণমান ২০০; সেট নম্বর ১; কোড নাম চিত্রা

[মোট প্রশ্ন ২০০ (দুইশত)টি। প্রতিটি প্রশ্নের ৪টি উত্তরের মধ্যে একটি সঠিক উত্তর রয়েছে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন; তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর করে কাটা যাবে।]

১. কোনটি বাগধারা বোঝায়?
ক চৈত্র সংক্রান্তি খ পৌষ সংক্রান্তি
গ শিরে সংক্রান্তি ঘ শিব-সংক্রান্তি

ব্যাখ্যা 'শিরে সংক্রান্তি' বাগধারার অর্থ— আসন্ন বিপদ, উপস্থিত মহাবিপদ, সামনেই বিপদ। চৈত্র সংক্রান্তি, পৌষ সংক্রান্তি এবং শিব সংক্রান্তি বাগধারা নয়। চৈত্র সংক্রান্তি হলো চৈত্র মাসের শেষ দিন। এই দিনে বাঙালি হিন্দুরা শিবের পূজা করে এবং এ উপলক্ষে বিভিন্ন ধরনের উৎসব-অনুষ্ঠান ও মেলা হয়। পৌষ সংক্রান্তি হলো পৌষ মাসের শেষ দিন।

২. কোনটি মৌলিক শব্দ?
ক মানব খ গোলাপ
গ একাঙ্ক ঘ ধাতব

ব্যাখ্যা গঠন অনুসারে বাংলা শব্দ দুই প্রকার। যথা : মৌলিক শব্দ এবং সাধিত শব্দ। যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেসব শব্দকে মৌলিক শব্দ বলে। যেমন— গোলাপ, তিন, নাক, লাল, মা, পা ইত্যাদি। অন্যদিকে মানব [মনু + ষ্ণ(অ)], একাঙ্ক (এক + অঙ্ক) ও ধাতব [ধাতু + ষ্ণ(অ)] সাধিত শব্দ।

৩. বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থসমূহের মধ্যে কোনটি ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র লেখা?
ক বঙ্গভাষা ও সাহিত্য
খ বাঙ্গালা সাহিত্যের ইতিহাস
গ বাংলা সাহিত্যের ইতিবৃত্ত
ঘ বাংলা সাহিত্যের কথা

ব্যাখ্যা বহুভাষাবিদ ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র (১৮৮৫-১৯৬৯) দুই খণ্ডে প্রকাশিত বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থ— 'বাংলা সাহিত্যের কথা' (১ম খণ্ড ১৯৫৩, ২য় খণ্ড ১৯৬৫)। তার ভাষাতত্ত্ব বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থ ভাষা ও সাহিত্য, বাংলা ব্যাকরণ, বাংলা ভাষার ইতিবৃত্ত। তার শিশুতোষ গ্রন্থ : শেষ নবীর সন্ধানে, ছোটদের রসুলুল্লাহ, সেকালের রূপকথা প্রভৃতি। অন্যদিকে 'বঙ্গভাষা ও সাহিত্য' ও 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' গ্রন্থ দুটির লেখক যথাক্রমে ড. দীনেশচন্দ্র সেন এবং ড. সুকুমার সেন। মুহম্মদ আবদুল হাই এবং সৈয়দ আলী আহসান যৌথভাবে 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত' গ্রন্থটি রচনা করেন।

৪. ভাষা আন্দোলনভিত্তিক প্রথম পত্রিকার সম্পাদকের নাম কী?
ক মুনীর চৌধুরী খ হাসান হাফিজুর রহমান
গ শামসুর রাহমান ঘ গাজীউল হক

[Note : ভাষা আন্দোলনভিত্তিক প্রথম সংকলন 'একুশে ফেব্রুয়ারী'-এর সম্পাদক হাসান হাফিজুর রহমান। ভাষা আন্দোলনভিত্তিক প্রথম নাটক 'কবর'-এর রচয়িতা মুনীর চৌধুরী। ভাষা আন্দোলনের অন্যতম সংগঠক ভাষাসৈনিক হিসেবে পরিচিত গাজীউল হক। কবি শামসুর রাহমান তার সাংবাদিকতা শুরু করেন ১৯৫৭ সালে ইংরেজি দৈনিক 'দ্য মর্নিং নিউজ'-এর সহসম্পাদক হিসেবে। পরবর্তী সময়ে তিনি 'দৈনিক বাংলা' এবং 'সাপ্তাহিক বিচিত্রা'র সম্পাদকের দায়িত্ব পালন করেন।]

৫. নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ?
ক নিক্বণ, সূচ্যগ্র, অনুর্ধ্ব
খ অনূর্বর ঊর্ধ্বগামী, শুদ্ধাশুদ্ধি
গ ভূরিভূরি, ভুঁড়িওয়ালা, মাতৃষ্বসা
ঘ রানি, বিকিরণ, দুরতিক্রম্য

ব্যাখ্যা (ক) অপশনের সবগুলো বানানই অশুদ্ধ। শুদ্ধরূপ নিক্বণ, সূচ্যগ্র ও অনূর্ধ্ব। অন্যদিকে (খ) অপশনের অনূর্বর ও (গ) অপশনের ভুঁড়িওয়ালা শব্দের শুদ্ধরূপ যথাক্রমে— অনুর্বর ও ভুঁড়িওয়ালা। (ঘ) অপশনের সবগুলো বানানই শুদ্ধ।

৬. বাংলাদেশে 'গ্রাম থিয়েটার'-এর প্রবর্তক কে?
ক মমতাজউদদীন আহমদ খ আব্দুল্লাহ আল মামুন
গ সেলিম আল দীন ঘ রামেন্দু মজুমদার

ব্যাখ্যা নাট্যকার ড. সেলিম আল দীন (১৯৪৯-২০০৮) নাট্যনির্দেশক নাসির উদ্দীন ইউসুফের সাথে ১৯৮১-৮২ সালে 'গ্রাম থিয়েটার' গঠন করেন এবং তিনি ছিলেন ঢাকা থিয়েটারের প্রতিষ্ঠাতা সদস্য। তার রচিত উল্লেখযোগ্য নাটক : ঘুম নেই, চাকা, জন্ডিস ও বিবিধ বেলুন, মুনতাসীর ফ্যান্টাসি, কেরামতমঙ্গল, কিত্তনখোলা, হাত হদাই, হরগজ, বনপাংশুল। অন্যদিকে নাট্যকার মমতাজউদদীন আহমদের উল্লেখযোগ্য নাটক : স্বাধীনতা আমার স্বাধীনতা, কী চাহ শঙ্খচিল, বকুলপুরের স্বাধীনতা, বর্ণচোরা। আবদুল্লাহ আল মামুনের উল্লেখযোগ্য নাটক : সুবচন নির্বাসনে, এখন দুঃসময়, এখনও ক্রীতদাস, কোকিলারা। নাট্যব্যক্তিত্ব রামেন্দু মজুমদারের উল্লেখযোগ্য নাট্যগ্রন্থ তত্ত্ব ও শিল্পরূপ, বাংলাদেশের নাট্যচর্চার তিন দশক।

উত্তর

১	গ
২	খ
৩	ঘ
৪	Note
৫	ক
৬	গ

www.exambd.net

৭. 'সমভিব্যাহারে' শব্দটির অর্থ কী?
ক একাগ্রতায় খ সমান ব্যবহারে
গ সম ভাবনায় ঘ একযোগে
ব্যাখ্যা 'সমভিব্যাহারে' শব্দটি ক্রিয়া বিশেষণ, যার অর্থ— সঙ্গে; একযোগে বা সংঘবদ্ধ হয়ে। যেমন– মন্ত্রী অমাত্য সমভিব্যাহারে রাজা শিকারে চললেন।

৮. শৃঙ্গার রসকে বৈষ্ণব পদাবলিতে কী রস বলে?
ক ভাবরস খ মধুর রস
গ প্রেমরস ঘ লীলারস
ব্যাখ্যা কাব্যসাহিত্যে শৃঙ্গার, হাস্য, করুণ, বীর, অদ্ভুত, ভয়ানক, বীভৎস, শান্ত, বাৎসল্য– রসের সন্ধান পাওয়া যায়। বিভিন্ন প্রকার ভাব থেকে রসের উৎপত্তি। বৈষ্ণব সাহিত্য ও সাধনার পাঁচ পন্থা—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর রস। বৈষ্ণব পদাবলির মধুর রসের মধ্যে রাধাকৃষ্ণের রূপকাশ্রয়ে ভক্ত ও ভগবানের নিত্য বিরহমিলনের লীলাবৈচিত্র্যের পরিচয় পাওয়া যায়।

৯. ড. মুহম্মদ শহীদুল্লাহ্ সম্পাদিত চর্যাপদ বিষয়ক গ্রন্থের নাম কী?
ক Buddhist Mystic Songs
খ চর্যাগীতিকা
গ চর্যাগীতিকোষ
ঘ হাজার বছরের পুরাণ বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা
ব্যাখ্যা ভাষাবিজ্ঞানী ড. মুহম্মদ শহীদুল্লাহ্ (১৮৮৫-১৯৬৯) সম্পাদিত চর্যাপদ বিষয়ক গ্রন্থ— 'Buddhist Mystic Songs' (১৯৬০)। তার কয়েকটি উল্লেখযোগ্য অনুবাদ গ্রন্থ : দীওয়ানে হাফিজ, অমিয়শতক, রুবাইয়াত-ই-ওমর খ্যায়াম, বিদ্যাপতি শতক, মহররম শরীফ, Hundred Sayings of the Holy Prophet। তার ভাষাতত্ত্ব বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থ : ভাষা ও সাহিত্য, বাংলা ব্যাকরণ এবং বাংলা ভাষার ইতিবৃত্ত। তার সম্পাদনায় রচিত হয়— বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান।

১০. 'পূর্ববঙ্গ গীতিকা'র লোকপালাসমূহের সংগ্রাহক কে?
ক দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
খ হরপ্রসাদ শাস্ত্রী
গ চন্দ্রকুমার দে
ঘ দীনেশচন্দ্র সেন
ব্যাখ্যা বাংলা সাহিত্যে তিন ধরনের গীতিকা প্রচলিত রয়েছে। যথা নাথ গীতিকা, মৈমনসিংহ গীতিকা ও পূর্ববঙ্গ গীতিকা। 'পূর্ববঙ্গ গীতিকা'র লোকপালাগুলো সংগ্রহ করেন চন্দ্রকুমার দে। তার সংগৃহীত পূর্ববঙ্গ গীতিকার উল্লেখযোগ্য পালা মইষাল বন্ধু, ভেলুয়া, কমলারানী, দেওয়ান ঈসা খাঁ, আয়না বিবি, শিলাদেবী, বগুলার বারমাসী, ভারাইয়া রাজা। এসব পালা দীনেশচন্দ্র সেনের সম্পাদনায় 'পূর্ববঙ্গ গীতিকা' নামে ১৯২৬ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত হয়। অন্যদিকে হরপ্রসাদ শাস্ত্রীর অমরকীর্তি হলো বাংলাভাষার প্রথম গ্রন্থ 'চর্যাপদ' উদ্ধার। শিশুসাহিত্যিক দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের উল্লেখযোগ্য শিশুসাহিত্য গ্রন্থ ঠাকুর মা'র ঝুলি, ঠাকুর দাদার ঝুলি।

১১. 'চর্যাচর্যবিনিশ্চয়'-এর অর্থ কী?
ক কোনটি চর্যাগান, আর কোনটি নয়
খ কোনটি আচরণীয়, আর কোনটি নয়
গ কোনটি চরাচরের, আর কোনটি নয়
ঘ কোনটি আচার্যের, আর কোনটি নয়
ব্যাখ্যা বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান অনুযায়ী চর্যা শব্দের অর্থ— নিয়ম পালন; পালনীয় নিয়ম বা আচার। চর্যাচর্য অর্থ— আচরণীয় ও অনাচরণীয়; পালনীয় ও বর্জনীয়। চর্যাচর্যবিনিশ্চয় অর্থ— কী করা উচিত এবং কী করা অনুচিত এটি যে গ্রন্থে বা যে সমস্ত গীতিকবিতায় স্থিরীকৃত হয়েছে। উল্লেখ্য, বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নিদর্শন চর্যাপদের মূল নাম চর্যাচর্যবিনিশ্চয়।

১২. 'গোরক্ষ বিজয়' কাব্য কোন ধর্মমতের কাহিনি অবলম্বনে লেখা?
ক শৈবধর্ম খ বৌদ্ধ সহজযান
গ নাথধর্ম ঘ কোনোটি নয়
ব্যাখ্যা বাংলা সাহিত্যের মধ্যযুগে নাথধর্মের কাহিনি অবলম্বনে রচিত শেখ ফয়জুল্লার একটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ 'গোরক্ষ বিজয়'। এ কাব্যের কাহিনিতে নাথবিশ্বাস-জাত যোগের মহিমা এবং নারী-ব্যভিচারপ্রধান সমাজচিত্র রূপায়িত হয়েছে। শেখ ফয়জুল্লার আরো কয়েকটি গ্রন্থ গাজীবিজয়, সত্যপীর, রাগনামা, জয়নালের চৌতিশা। উল্লেখ্য, বৌদ্ধধর্মের সঙ্গে শৈবধর্ম মিশে নাথধর্মের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়।

১৩. শাক্ত পদাবলির জন্য বিখ্যাত—
ক রামনিধি গুপ্ত খ দাশরথি রায়
গ এন্টনি ফিরিঙ্গি ঘ রামপ্রসাদ সেন
ব্যাখ্যা শাক্তসাধক বা সিদ্ধ পুরুষদের লেখা সাধন সংগীতকেই শাক্ত পদাবলি বলা হয়। রামপ্রসাদ সেন বাংলা সাহিত্যে শাক্তপদের প্রবর্তক। তার নামে প্রচারিত পদের সংখ্যা তিন শতাধিক। তার পদগুলো— শাক্ত পদাবলি, শ্যামা সঙ্গীত ও রামপ্রসাদী নামে পরিচিত। তার গানে মুগ্ধ হয়ে রাজা কৃষ্ণচন্দ্র তাকে 'কবিরঞ্জন' উপাধিতে ভূষিত করেন। তার উল্লেখযোগ্য কবিতাগ্রন্থ : বিদ্যাসুন্দর, কালীকীর্তন। অন্যদিকে রামনিধি গুপ্ত বাংলা সাহিত্যে টপ্পা গানের প্রবর্তক। পর্তুগিজ এন্টনি ফিরিঙ্গি ছিলেন অষ্টাদশ শতাব্দীর বাংলা ভাষার অন্যতম কবিয়াল এবং দাশরথি রায় ছিলেন পাঁচালী গানের শক্তিশালী কবি।

উত্তর
৭ ঘ
৮ খ
৯ ক
১০ গ
১১ খ
১২ গ
১৩ ঘ

www.exambd.net

১৪. 'অলৌকিক ইস্টিমার' গ্রন্থের রচয়িতা কে?
ক হুমায়ুন আজাদ খ হেলাল হাফিজ
গ আসাদ চৌধুরী ঘ রফিক আজাদ

ব্যাখ্যা কবি ও প্রথাবিরোধী লেখক হুমায়ুন আজাদের (১৯৪৭-২০০৪) প্রথম কাব্যগ্রন্থ 'অলৌকিক ইস্টিমার' (১৯৭৩)। এ কাব্যগ্রন্থের উল্লেখযোগ্য কবিতা স্নানের জন্যে, জল দাও বাতাস, আত্মহত্যার অস্ত্রাবলি, জ্যোৎস্নার অত্যাচার। তার আরো কয়েকটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : জ্বলো চিতাবাঘ, সবকিছু নষ্টদের অধিকারে যাবে, কাফনে মোড়া অশ্রুবিন্দু। অন্যদিকে হেলাল হাফিজের বিখ্যাত কাব্যগ্রন্থ যে জলে আগুন জ্বলে। আসাদ চৌধুরীর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ তবক দেওয়া পান, বিত্ত নাই বেসাত নাই, জলের মধ্যে লেখাজোখা, নদী বিবস্ত্র হয়। রফিক আজাদের উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : অসঙ্গবের পায়ে, এক জীবনে, প্রেমের কবিতা, প্রিয় শাড়িগুলি।

১৫. 'Custom' শব্দের পরিভাষা কোনটি যথার্থ?
ক আইন খ প্রথা
গ শুল্ক ঘ রাজস্বনীতি

ব্যাখ্যা বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। 'Custom' শব্দের যথার্থ পারিভাষিক অর্থ— প্রথা; অভ্যাস; সামাজিক রীতিনীতি। অন্যদিকে, Act বা Law-এর পরিভাষা আইন; Duty-এর পরিভাষা শুল্ক; Revenue policy-এর পরিভাষা রাজস্বনীতি।

১৬. কাজী নজরুল ইসলাম তাঁর কবিতায় 'কালাপাহাড়' কে স্মরণ করেছেন কেন?
ক ব্রাহ্মণ্যযুগে নব মুসলিম ছিলেন বলে
খ ইসলামের গুণকীর্তন করেছিলেন বলে
গ প্রাচীন বাংলার বিদ্রোহী ছিলেন বলে
ঘ প্রচলিত ধর্ম ও সংস্কার-বিদ্বেষী ছিলেন বলে

ব্যাখ্যা 'সাম্যবাদী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'মানুষ' কবিতায় কবি কাজী নজরুল ইসলাম যারা পবিত্র উপাসনালয়ের দরজা বন্ধ করে, তাদের ধ্বংসের জন্য কালাপাহাড়কে স্মরণ করেছেন। তাইতো কাজী নজরুল লিখেছেন,

মোল্লা পুরুত লাগায়েছে তার সকল দুয়ারে চাবি!'
কোথা চেঙ্গিস, গজনি মামুদ, কোথায় কালাপাহাড়?
ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা-দেওয়া দ্বার!

'কালাপাহাড়' ছিলেন বাংলা ও বিহারের শাসনকর্তা সুলায়মান খান কররানির এক দুর্ধর্ষ সেনাপতি। তার আসল নাম রাজীবলোচন রায়। তিনি ব্রাহ্মণ পরিবারের সন্তান ছিলেন এবং নিয়মিত বিষ্ণু পূজা করতেন। পরবর্তী সময়ে তিনি ইসলাম ধর্মগ্রহণ করেন এবং প্রবল হিন্দু বিদ্বেষী হয়ে ওঠেন। ১৫৬৮ সালে পুরীর জগন্নাথ দেবের মন্দিরসহ বিভিন্ন মন্দির ও বিগ্রহের ব্যাপক ক্ষতিসাধন করেন। আর তখন থেকেই তিনি 'কালাপাহাড়' নামে পরিচিত।

১৭. 'প্রদীপ নিবিয়া গেল! '—এ বিখ্যাত বর্ণনা কোন উপন্যাসের?
ক বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ'
খ রবীন্দ্রনাথের 'চোখের বালি'
গ বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা'
ঘ রবীন্দ্রনাথের 'যোগাযোগ'

ব্যাখ্যা 'প্রদীপ নিবিয়া গেল।'— উক্তিটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত কপালকুণ্ডলা (১৮৬৬) উপন্যাসের। এটি কপালকুণ্ডলা উপন্যাসের দ্বিতীয় খণ্ডের দ্বিতীয় পরিচ্ছেদ 'পান্থনিবাসে'-এর শেষ বাক্য।

১৮. 'মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে।'—কার উক্তি?
ক মীর মশাররফ হোসেনের
খ ইসমাইল হোসেন সিরাজীর
গ রবীন্দ্রনাথ ঠাকুরের
ঘ কাজী নজরুল ইসলামের

ব্যাখ্যা ঔপন্যাসিক, প্রাবন্ধিক ও নাট্যকার মীর মশাররফ হোসেনের বিখ্যাত উক্তি— 'মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে।' মাতৃভাষা সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত উক্তি 'শিক্ষায় মাতৃভাষাই মাতৃদুগ্ধ।' মাতৃভাষা প্রসঙ্গে সতেরো শতকের কবি আবদুল হাকিমের বিখ্যাত পঙ্‌ক্তি—

'যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী
সেসব কাহার জন্ম নির্ণয় ন জানি ॥'

১৯. বর্গের কোন বর্ণসমূহের ধ্বনি মহাপ্রাণধ্বনি?
ক তৃতীয় বর্ণ খ দ্বিতীয় ও চতুর্থ বর্ণ
গ প্রথম ও দ্বিতীয় বর্ণ ঘ দ্বিতীয় ও তৃতীয় বর্ণ

ব্যাখ্যা যে ধ্বনি উচ্চারণে নিঃশ্বাস জোরে সংযোজিত হয় তাকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি। বর্গের দ্বিতীয় এবং চতুর্থ বর্ণ বা ধ্বনিকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি। যেমন— খ, ঘ, ছ, ঝ, ঠ, ঢ ইত্যাদি। বর্গের প্রথম ও তৃতীয় বর্ণ অল্পপ্রাণ ধ্বনি এবং পঞ্চম বর্ণ হলো নাসিক্য ধ্বনি।

২০. 'কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?
ক দেশি উপসর্গযোগে খ বিদেশি উপসর্গযোগে
গ সংস্কৃত উপসর্গযোগে ঘ কোনোটি নয়

ব্যাখ্যা বাংলা ভাষায় ব্যবহৃত নিজস্ব উপসর্গকে বলা হয় খাঁটি বাংলা বা দেশি উপসর্গ। বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গের সংখ্যা ২১টি। যথা : অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু হা। 'কদাকার' শব্দটি দেশি 'কদ' উপসর্গযোগে গঠিত।

২১. যুক্তাক্ষর এক মাত্রা এবং বদ্ধাক্ষরও এক মাত্রা গণনা করা হয় কোন ছন্দে?
ক মাত্রাবৃত্ত খ অক্ষরবৃত্ত
গ মুক্তক ঘ স্বরবৃত্ত

উত্তর
১৪ ক
১৫ খ
১৬ ঘ
১৭ গ
১৮ ক
১৯ খ
২০ ক
২১ ঘ

www.exambd.net

ব্যাখ্যা *প্রশ্নে 'মুক্তাক্ষর'-এর স্থলে হবে 'মুক্তাক্ষর'। কবিতার নির্দিষ্ট একটি সুর বা গতি দেয়ার জন্য ছন্দব্যাকরণ তৈরি হয়েছে। ছন্দ পর্ব ও মাত্রানির্ভর, তাই ছন্দের নামকরণ করা হয়েছে তিনভাগে—অক্ষরবৃত্ত, মাত্রাবৃত্ত ও স্বরবৃত্ত। অক্ষরবৃত্ত ধীরগতির—তাই এর মাত্রা হবে মুক্তাক্ষর এক মাত্রা, বদ্ধাক্ষর এককভাবে দুই মাত্রা, শেষে দুই মাত্রা আর প্রথম ও মাঝে এক মাত্রা। মাত্রাবৃত্ত ছন্দে মুক্তাক্ষর এক মাত্রা ও বদ্ধাক্ষর দুই মাত্রার হয়। আর স্বরবৃত্ত ছন্দে মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর সব সময় এক মাত্রা গণনা করা হয়।*

২২. নিচের কোনটি অশুদ্ধ?

ক অহিংস—সহিংস খ প্রসন্ন—বিষণ্ন
গ দোষী—নির্দোষী ঘ নিষ্পাপ—পাপিনী

ব্যাখ্যা *'দোষী—নির্দোষী' এটি অশুদ্ধ। শুদ্ধরূপ হবে দোষী—নির্দোষ।*

২৩. 'কল্লোল' পত্রিকার প্রথম সম্পাদকের নাম কী?

ক বুদ্ধদেব বসু খ দীনেশরঞ্জন দাশ
গ সজনীকান্ত দাস ঘ প্রেমেন্দ্র মিত্র

ব্যাখ্যা *১৯২৩ সালে কলকাতা থেকে মাসিক 'কল্লোল' পত্রিকা প্রকাশিত হয়। এ পত্রিকার প্রথম সম্পাদক ছিলেন দীনেশরঞ্জন দাশ। 'কল্লোল' পত্রিকায় নিয়মিত লিখতেন অচিন্ত্যকুমার সেনগুপ্ত, শৈলজানন্দ মুখোপাধ্যায়, বুদ্ধদেব বসু, প্রেমেন্দ্র মিত্র, মানিক বন্দ্যোপাধ্যায় প্রমুখ। বুদ্ধদেব বসু সম্পাদিত পত্রিকা 'কবিতা', সজনীকান্ত দাস সম্পাদিত পত্রিকা 'বঙ্গশ্রী' এবং প্রেমেন্দ্র মিত্র সম্পাদিত পত্রিকা 'কালিকলম'।*

২৪. 'আমি এ কথা, এ ব্যথা, সুখব্যাকুলতা কাহার চরণতলে দিব নিছনি॥' —রবীন্দ্রনাথের এ গানে 'নিছনি' কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক অপনোদন অর্থে খ পূজা অর্থে
গ বিলানো অর্থে ঘ উপহার অর্থে

ব্যাখ্যা *'নিছনি' শব্দের আভিধানিক অর্থ রূপ, লাবণ্য, উপহার, বেশবিন্যাস, অর্ঘ্য, নিবেদন ইত্যাদি। রবীন্দ্রনাথের এ গানে চরণতলে 'নিছনি' শব্দটি অর্ঘ্য অর্থাৎ পূজা অর্থে ব্যবহৃত হয়েছে।*

২৫. 'ধর্ম সাধারণ লোকের সংস্কৃতি, আর সংস্কৃতি শিক্ষিত মার্জিত লোকের ধর্ম।'— কে বলেছেন?

ক মোতাহের হোসেন চৌধুরী খ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
গ প্রমথ চৌধুরী ঘ কাজী আব্দুল ওদুদ

ব্যাখ্যা *ঢাকার মুসলিম সাহিত্য সমাজের মুক্তবুদ্ধিচর্চার আন্দোলনের অন্যতম পুরোধা, প্রাবন্ধিক মোতাহের হোসেন চৌধুরী (১৯০৩-১৯৫৬) রচিত প্রবন্ধের সংকলন 'সংস্কৃতি-কথা' (১৯৫৮)। এ প্রবন্ধগ্রন্থে মোট ত্রিশটি প্রবন্ধ রয়েছে। উপরিউক্ত বাক্যটি মোতাহের হোসেন চৌধুরী তার 'সংস্কৃতি-কথা' প্রবন্ধে প্রথমেই উল্লেখ করেছেন।*

২৬. কোন বাক্যটি শুদ্ধ?

ক আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
খ তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম।
গ তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ।
ঘ সেদিন থেকে তিনি সেখানে আর যায় না।

ব্যাখ্যা *প্রদত্ত অপশনগুলোর মধ্যে একমাত্র (খ)-তে প্রদত্ত বাক্যটিই নির্ভুল। (ক) অপশনে 'স্বপরিবারে'-এর স্থলে 'সপরিবারে', (গ) অপশনে 'পরশ্রীকাতরতা' শব্দের অর্থ অপরের উন্নতিতে ঈর্ষা প্রকাশ। তাই এখানে 'মুগ্ধ' শব্দটি অপপ্রয়োগ এবং (ঘ) অপশনে 'যায়'-এর স্থলে 'যান' হবে।*

২৭. Ode কী?

ক শোককবিতা খ পত্রকাব্য
গ খণ্ড কবিতা ঘ কোরাসগান

ব্যাখ্যা *Ode-এর আভিধানিক অর্থ গীতিকবিতা বা গাথাকবিতা। অনেকে Ode-কে ভোর কবিতা বা স্তুতি বা গুণকীর্তন জাতীয় কবিতা বলেছেন। তবে Ode এক বা একাধিক কণ্ঠে গাওয়ার জন্য কোরাস ও নৃত্যের লয় অনুসরণ করে রচনা করা হতো। যেহেতু এটি কোরাস করে গাওয়া হতো তাই (ঘ) সঠিক। Elegy অর্থ শোককবিতা।*

২৮. মুহম্মদ আবদুল হাই রচিত ধ্বনিবিজ্ঞান বিষয়ক গ্রন্থের নাম কী?

ক বাংলা ধ্বনিবিজ্ঞান খ আধুনিক বাংলা ধ্বনিবিজ্ঞান
গ ধ্বনিবিজ্ঞানের কথা ঘ ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব

ব্যাখ্যা *মুহম্মদ আবদুল হাই (১৯১৯-১৯৬৯) শিক্ষাবিদ, ধ্বনিতাত্ত্বিক ও সাহিত্যিক। তিনি প্রবন্ধ ও গবেষণার জন্য ১৯৬১ সালে বাংলা একাডেমি পুরস্কার লাভ করেন। তার ধ্বনিবিজ্ঞান বিষয়ক গ্রন্থের নাম 'ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব' (১৯৬৪)।*

২৯. 'জলে-স্থলে' কী সমাস?

ক সমার্থক দ্বন্দ্ব খ বিপরীতার্থক দ্বন্দ্ব
গ অলুক দ্বন্দ্ব ঘ একশেষ দ্বন্দ্ব

ব্যাখ্যা *যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদের বিভক্তি সমস্তপদে অক্ষুণ্ন থাকে তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে। যেমন— জলে-স্থলে, হাতে-কলমে, দুধে-ভাতে, দেশে-বিদেশে ইত্যাদি। সম অর্থপূর্ণ দুটি পদের মিলন হলে তাকে বলা হয় সমার্থক দ্বন্দ্ব। যেমন— হাট ও বাজার = হাট-বাজার। অর্থের দিক থেকে যে দ্বন্দ্ব পরস্পরের মধ্যে বিরোধ বা বৈপরীত্য বুঝায়, তাকে বলা হয় বিপরীতার্থক দ্বন্দ্ব। যেমন— আয় ও ব্যয় = আয়-ব্যয়। যে সমাসে অন্যান্য পদের বিলুপ্তি ঘটিয়ে প্রথম পদটির সঙ্গে শেষ পদটির সামঞ্জস্য রচিত হয়, তাকে বলে একশেষ দ্বন্দ্ব। যেমন— জায়া ও পতি = দম্পতি।*

৩০. 'ঔ' কোন ধরনের স্বরধ্বনি?

ক যৌগিক স্বরধ্বনি খ তালব্য স্বরধ্বনি
গ মিলিত স্বরধ্বনি ঘ কোনোটি নয়

উত্তর

২২	গ
২৩	খ
২৪	খ
২৫	ক
২৬	খ
২৭	ঘ
২৮	ঘ
২৯	গ
৩০	ক

www.exambd.net

ব্যাখ্যা *গঠনের বিচারে স্বরধ্বনি তিন প্রকার। যথা ক. আনুনাসিক স্বরধ্বনি, খ. মৌলিক স্বরধ্বনি ও গ. দ্বিস্বরধ্বনি বা যৌগিক স্বরধ্বনি। পাশাপাশি অবস্থিত দুটি স্বরধ্বনির দ্রুত উচ্চারণের ফলে একটি যুক্ত স্বরধ্বনি প্রকাশ পায়। এরূপ যুক্ত স্বরধ্বনিকে যৌগিক স্বরধ্বনি বলে। একে সন্ধিস্বর বা দ্বিস্বরধ্বনিও বলা হয়। বাংলা বর্ণমালায় 'ঐ' এবং 'ঔ'—এ দুটি যৌগিক স্বরধ্বনি।*

৩১. 'বিস্ময়াপন্ন' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক বিস্ময় দ্বারা আপন্ন খ বিস্ময়ে আপন্ন
গ বিস্ময়কে আপন্ন ঘ বিস্ময়ে যে আপন্ন

ব্যাখ্যা *সমাস অর্থ শব্দ সংক্ষেপণ। পূর্বপদের দ্বিতীয়া বিভক্তি 'কে' লোপ পেয়ে যে সমাস হয় সেটি দ্বিতীয়া তৎপুরুষ সমাস। বিস্ময়কে আপন্ন— 'কে' লোপ করে হয় বিস্ময়াপন্ন।*

৩২. কবি কায়কোবাদ রচিত 'মহাশ্মশান' কাব্যের ঐতিহাসিক পটভূমি ছিল—

ক পলাশীর যুদ্ধ খ তৃতীয় পানিপথের যুদ্ধ
গ ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ ঘ ছিয়াত্তরের মন্বন্তর

ব্যাখ্যা *মুসলিম মহাকবি কায়কোবাদের (১৮৪৮-১৯৫২) শ্রেষ্ঠ মহাকাব্য 'মহাশ্মশান' (১৯০৪)। কাব্যটির ঐতিহাসিক পটভূমি হলো তৃতীয় পানিপথের যুদ্ধ (১৭৬১)। তৃতীয় পানিপথের যুদ্ধে মহারাষ্ট্রীয়দের পরাজয় এবং আহমদ শাহ আবদালীর বিজয় বর্ণনা কাব্যটির বিষয়বস্তু। কাব্যটি তিনটি খণ্ডে উপস্থাপন করা হয়েছে। এর মধ্যে প্রথম খণ্ডে ২৯ সর্গ, দ্বিতীয় খণ্ডে ২৪ সর্গ এবং তৃতীয় খণ্ডে ৭ সর্গ রয়েছে।*

৩৩. সৈয়দ মুস্তফা সিরাজের গ্রন্থ কোনটি?

ক রহু চণ্ডালের হাড় খ কৈবর্ত খণ্ড
গ ফুল বউ ঘ অলীক মানুষ

ব্যাখ্যা *'অলীক মানুষ' ভারতীয় বাঙালি লেখক সৈয়দ মুস্তফা সিরাজের অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস। 'অলীক মানুষ' বলতে লেখক 'মিথিক্যাল ম্যান' বুঝিয়েছেন। উপন্যাসজুড়ে আছে দৃশ্যমান জগৎ ও অদৃশ্য জগতের দ্বন্দ্ব। মানুষ বদিউজ্জামান ও সাধক বদু পীরের দ্বন্দ্ব। বাস্তব-অলীকের সংঘাত, লৌকিক-অলৌকিকের মায়াবী আলো-আঁধারি জগৎ, গতি ও বিপ্রতীপ গতির দ্বন্দ্ব দেখা যায় এই উপন্যাসে। সুদীর্ঘ প্রায় একশো বছরের দেশসমাজের নানা পরিবর্তনের ইতিহাস দেখা যায় একটি পরিবারকে কেন্দ্র করে। কখনো সলিটারি সেলে শফির আত্মকথন, কখনো বদিউজ্জামানের বয়ান। শফির ক্রমিক রূপান্তর। উপন্যাসের পর্বান্তরের মাঝে উনিশ-বিশ শতকের একটি পীর পরিবার, সামাজিক পটপরিবর্তন, মুসলমান সমাজ, ব্রাহ্মসমাজ ইত্যাদি সুন্দরভাবে চিত্রিত হয়েছে।*

৩৪. রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্য প্রকাশিত হয় কত সনে?

ক ১৯১০ খ ১৯১১
গ ১৯১২ ঘ ১৯১৩

ব্যাখ্যা *বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' কাব্যের মাধ্যমে বাংলা সাহিত্যকে বিশ্ববাসীর নিকট পরিচিত করেন। কাব্যগ্রন্থটি ১৯০৮ ও ১৯০৯ সালে রচিত এবং ১৯১০ সালে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ ঠাকুর তার 'গীতাঞ্জলি' কাব্য ও অন্যান্য কাব্যের কিছু কবিতা 'Song Offerings' নামে প্রকাশ করে ১৯১৩ সালে নোবেল পুরস্কার পান।*

৩৫. 'আসাদের শার্ট' কবিতার লেখক কে?

ক আল মাহমুদ খ আব্দুল মান্নান সৈয়দ
গ অমিয় চক্রবর্তী ঘ শামসুর রাহমান

ব্যাখ্যা *'আসাদের শার্ট' কবিতার লেখক শামসুর রাহমান। 'নিজ বাসভূমে' (১৯৭০) কাব্যগ্রন্থে কবিতাটি অন্তর্ভুক্ত। উনসত্তরের গণঅভ্যুত্থানে শহিদ আসাদের রক্তাক্ত শার্টকে উপলক্ষ করেই কবি কবিতাটি রচনা করেন।*

৩৬. Which of the following words is in singular form?

ক formulae খ agenda
গ oases ঘ radius

ব্যাখ্যা *প্রদত্ত option গুলোর মধ্যে radius (ব্যাসার্ধ) শব্দটি singular, যার plural form 'radii'। Option-এ প্রদত্ত অন্য word গুলো plural, যাদের singular যথাক্রমে formula, agendum এবং oasis।*

৩৭. Choose the correct sentence :

ক All of it depend on you
খ All of it are depending on you
গ All of it depends on you
ঘ All of it are depended on you

ব্যাখ্যা *একই অর্থে 'all of it'-এর আরেকটি form হচ্ছে 'it all' যা singular এবং এটি subject হিসেবে singular verb গ্রহণ করে। আর এটি Present Indefinite Tense-এর singular হলে verb-এর সাথে s/es যুক্ত হয়।*

৩৮. "A rolling stone gathers no moss" The complex form of the sentence is—

ক Since a stone is rolling, it gathers no moss.
খ Though a stone rolls, it gathers no moss.
গ A stone what rolls gathers no moss.
ঘ A stone that rolls gathers no moss.

ব্যাখ্যা *Participle যুক্ত simple sentence-কে complex করতে হলে participle অংশকে subordinate clause-এ রূপান্তরিত করতে হয় এবং বাকি অংশ main clause হিসেবে অপরিবর্তিত থাকে। প্রদত্ত বাক্যে 'rolling' হচ্ছে present participle, যার subordinate clause হলো 'A stone which/that rolls' যা (ঘ) option-এ উল্লেখ আছে।*

উত্তর

৩১	গ
৩২	খ
৩৩	ঘ
৩৪	ক
৩৫	ঘ
৩৬	ঘ
৩৭	গ
৩৮	ঘ

www.exambd.net

৩৯. A chart was appended to the report. Here 'appended' means—

ⓚ changed ⓛ removed
ⓜ joined ⓝ shortened

ব্যাখ্যা *Append শব্দটির অর্থ লেখায় বা ছাপায় যুক্ত করা। এর synonyms— associate, connect, join, engage ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর (গ)।*

৪০. The mother sat vigilantly beside the sick baby. Here 'vigilantly' is—

ⓚ a noun ⓛ an adverb
ⓜ an adjective ⓝ none of the three

ব্যাখ্যা *Vigilantly— জাগ্রতবস্থায়, সতর্কভাবে। Grammar অনুযায়ী যে word কোনো verb -কে modify করে তাকে adverb বলে। প্রদত্ত বাক্যে sat হচ্ছে verb আর কীভাবে বসেছিল সেটা বোঝাচ্ছে vigilantly। সুতরাং vigilantly শব্দটি adverb.*

৪১. The new offer of job was alluring. Here 'alluring' means—

ⓚ unexpected ⓛ tempting
ⓜ disappointing ⓝ ordinary

ব্যাখ্যা *Alluring—লোভনীয়। অন্য option-গুলোর মধ্যে unexpected— অপ্রত্যাশিত, tempting— প্রলুব্ধকর/ লোভনীয়, disappointing— হতাশাজনক, ordinary— সাধারণ। বাক্য অনুযায়ী নতুন চাকরির offer-টি লোভনীয় ছিল। অতএব সঠিক উত্তর (খ)।*

৪২. "Who planted this tree here"? The correct passive voice of this sentence is—

ⓚ By whom the tree was planted here?
ⓛ Who the tree had been planted hereby?
ⓜ The tree was planted here by whom?
ⓝ By whom had the tree been planted here?

[Note : *Who দিয়ে interrogative sentence শুরু হলে passive করার ক্ষেত্রে বাক্যের শুরুতে by whom বসে। মূল passive formটি হবে : By whom was this tree planted here?]*

৪৩. Frailty the name is women. Here 'Frailty' is :

ⓚ A noun ⓛ An adjective
ⓜ An adverb ⓝ A verb

[Note : *Frailty বলে কোনো word পাওয়া যায় না। তবে শব্দটি Frailty না হয়ে Frailty (ভঙ্গুরতা, নশ্বরতা) হলে এটি হতো noun। 'Frailty, thy name is woman' বাক্যটি Shakespeare-এর বিখ্যাত Tragedy 'Hamlet' থেকে নেয়া।]*

৪৪. Education is enlightening. Here 'enlightening' is— :

ⓚ A gerund ⓛ A participle
ⓜ An infinitive ⓝ A finite verb

ব্যাখ্যা *Verb-এর সাথে 'ing' যুক্ত হয়ে যখন adjective-এর কাজ করে তখন তাকে participle বলে। প্রদত্ত বাক্যে enlighten শব্দটির সাথে 'ing' যুক্ত হয়ে তা education-এর adjective-এর কাজ করছে। সুতরাং সঠিক উত্তর (খ)।*

৪৫. Choose the appropriate prepositions in the blank of the following sentence :
The family doesn't feel — going outing this season.

ⓚ in ⓛ on
ⓜ like ⓝ of

ব্যাখ্যা *কোনো কিছু করার ইচ্ছা প্রকাশ করতে 'feel like' ব্যবহৃত হয়। এর পর যে verb আসে তার সাথে 'ing' বসে। প্রদত্ত বাক্যে পরিবারটির বাইরে না যাওয়ার ইচ্ছাকে বোঝাচ্ছে। সুতরাং সঠিক উত্তর (গ)।*

৪৬. Fill in the blank with appropriate use of tense :
I couldn't mend the computer myself, so I — at a shop.

ⓚ had it mended ⓛ had it mend
ⓜ did it mend ⓝ had mended

ব্যাখ্যা *কোনো কাজ কারো দ্বারা করানো এরূপ বোঝাতে causative verb বসে। Causative verb ব্যবহারের ক্ষেত্রে গঠন Subject + causative verb + object + মূল verb-এর Past participle form। যেমন– I had my shirt washed. Causative verb— have, make, cause, allow, help, enable, keep, hold, let, force and require. প্রদত্ত বাক্যে I had it mended at a shop— আমি এটা একটা দোকানে মেরামত করিয়েছিলাম। সুতরাং সঠিক উত্তর (ক)।*

৪৭. Use the appropriate article—
I saw — one-eyed man when I was walking on the road.

ⓚ a ⓛ an
ⓜ the ⓝ no article is needed

ব্যাখ্যা *সাধারণত Vowel (a, e, i, o, u)-এর পূর্বে article 'An' বসে। কিন্তু Vowel 'U'-এর উচ্চারণ যদি 'ইউ' এবং 'O'-এর উচ্চারণ যদি 'ওয়া'-এর মতো হয় তাহলে 'An'-এর পরিবর্তে 'A' বসে। তাই One (ওয়ান)-এর পূর্বে 'a' বসবে।*

উত্তর

৩৯	গ
৪০	খ
৪১	খ
৪২	Note
৪৩	Note
৪৪	খ
৪৫	গ
৪৬	ক
৪৭	ক

www.exambd.net

৪৮. The word 'omnivorous' means :
ক eating all types of food
খ eating only fruits
গ eating only meat
ঘ eating grass and plants only

ব্যাখ্যা *Omnivorous— সর্বভুক, সবকিছু খায় এমন বা eating all types of food.*

৪৯. Complete the following sentence choosing the appropriate option :
It's raining cats and dogs, so—
ক Watch out for falling animals.
খ Make sure you take an umbrella.
গ Keep your pets inside.
ঘ Keep the windows open.

ব্যাখ্যা *বৃষ্টি হলে অত্যাবশ্যকীয় অনুষঙ্গ হিসেবে ছাতা দরকার। অতএব, It's rainning cats and dogs, so make sure you take an umbrella. তাই সঠিক উত্তর (খ)।*

৫০. The phrase 'Achilles' heel' means :
ক A strong point
খ A weak point
গ A permanent solution
ঘ A serious idea

ব্যাখ্যা *'Achilles' heel' একটি idiom, যার অর্থ দুর্বল দিক বা weak point. সুতরাং সঠিক উত্তর (খ)। Greek Mythology-এর বিখ্যাত চরিত্র Achilles-এর heel তথা 'গোড়ালির দুর্বলতা' থেকেই মূলত idiomটির উৎপত্তি।*

৫১. He worked <u>with all sincerity</u>. The underlined phrase is—
ক A noun phrase খ An adjective phrase
গ An infinitive phrase ঘ An adverbial phrase

ব্যাখ্যা *Adverbial phrase-ও adverb-এর মতো verb-কে modify করে। প্রদত্ত বাক্যে underlined phrase টি verb-কে modify করেছে অর্থাৎ verb-এর manner প্রকাশ করায় এটি Adverbial phrase of manner.*

৫২. This is the book <u>I lost</u>. Here 'I lost' is—
ক A noun clause খ An adverbial clause
গ An adjective clause ঘ None of the three

ব্যাখ্যা *Adjective clause ও Adjective-এর মতো noun/pronoun-কে modify করে। প্রদত্ত বাক্যের 'I lost' clauseটি book-কে modify করছে। সুতরাং সঠিক উত্তর (গ)।*

৫৩. Which do you think is the nearest in meaning to 'proviso' :
ক sanction খ substitute
গ stipulation ঘ directive

ব্যাখ্যা *proviso— অনুবিধি/শর্ত। অন্য optionগুলোর মধ্যে sanction— অনুমোদন; substitute— বিকল্প; stipulation— পণ, মুক্তিপণ, শর্ত; directive— নির্দেশনামূলক। সুতরাং দেখা যায় অর্থের দিক থেকে 'proviso' ও 'stipulation' কাছাকাছি। অতএব, সঠিক উত্তর (গ)।*

৫৪. Cassandra is a night owl, so she doesn't usually get up untill about :
ক 11 a.m খ 11 p.m
গ 7 a.m ঘ 7 p.m

ব্যাখ্যা *Greek Mythology অনুযায়ী Cassandra ছিলেন ট্রয়রাজ Priam-এর কন্যা। আর 'Night Owl' Metaphorical Idiom, যার অর্থ নিশাচর বা যে রাত জেগে থাকে। প্রশ্নানুসারে যেহেতু 'Cassandra is a night owl' সেহেতু তার পক্ষে 11 pm, 7 am বা 7 pm-এ ঘুম থেকে জেগে উঠা যুক্তিসঙ্গত নয়। বরং 11 am-ই উত্তর হিসেবে অধিক যুক্তিসঙ্গত। সুতরাং সঠিক উত্তর (ক)।*

৫৫. Select the word that is the most closely opposite in meaning to the capitalized word : DELETERIOUS
ক toxic খ spurious
গ harmless ঘ lethal

ব্যাখ্যা *Deleterious—ক্ষতিকর। option সমূহের মধ্যে Toxic— বিষাক্ত, spurious—কৃত্রিম, মিথ্যা, harmless— অহিংস, যা ক্ষতি করে না, lethal—মারাত্মক ক্ষতিকর। অতএব অর্থের দিক থেকে deleterious এবং harmless পুরোপুরি opposite বা বিপরীতার্থক। সঠিক উত্তর (গ)।*

৫৬. "Gerontion" is a poem by—
ক T.S. Eliot খ W.B.Yeats
গ Mathew Arnold ঘ Robert Browning

ব্যাখ্যা *ইংরেজি সাহিত্যে T.S. Eliot-এর বিখ্যাত কবিতাগুলোর মধ্যে 'The Waste Land', 'The Love Song of J. Alfred Prufrock', 'The Gerontion' অন্যতম। সুতরাং সঠিক উত্তর (ক)।*

৫৭. Fill in the blank. '—' is Shakespeare's last play.
ক As You Like It খ Macbeth
গ Tempest ঘ Othello

ব্যাখ্যা *প্রদত্ত অপশনগুলোর সবই শেক্সপিয়রের নাটক, যা তিনি বিভিন্ন সময়ে লিখেছেন। যেমন– As You Like It (1599-1600), Othello (1603-1604), Macbeth (1606) এবং The Tempest (1610-1611)। দেখা যাচ্ছে, উল্লিখিত চারটি নাটকের মধ্যে শেক্সপিয়র সবার শেষে লিখেছেন The Tempest। সুতরাং সঠিক উত্তর হবে (গ)।*

উত্তর
৪৮ ক
৪৯ খ
৫০ খ
৫১ ঘ
৫২ গ
৫৩ গ
৫৪ ক
৫৫ গ
৫৬ ক
৫৭ গ

www.examod.net
www.boighar.com

৫৮. Who has written the poem "Elegy Written in a Country Churchyard"?
ⓚ Thomas Gray ⓛ P.B.Shelley
ⓜ Robert Frost ⓝ Y.B.Yeats
ব্যাখ্যা ইংরেজি সাহিত্যে Thomas Gray বিখ্যাত তার Elegy'র জন্য। তার বিখ্যাত কবিতাগুলো হলো 'The Fatal Sisters An Ode', 'Elegy Written in a Country Churchyard', 'Ode on the Spring' ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর হবে (ক)।

৫৯. Who has written the play 'Volpone'?
ⓚ John Webster ⓛ Ben Jonson
ⓜ Christopher Marlowe ⓝ William Shakespeare
ব্যাখ্যা Ben Jonson তার ব্যঙ্গ রসাত্মক নাটকের জন্য ইংরেজি সাহিত্যে বিখ্যাত হয়ে আছেন। তাকে কমেডি নাটকের জনকও বলা হয়। 'Volpone' তার বিখ্যাত কমেডি নাটক। তিনি আরো যেসব নাটক লিখেছেন তার মধ্যে The Alchemist, Everyman in His Humour, Everyman Out of His Humour অন্যতম। এখানে সঠিক উত্তর (খ)।

৬০. Shakespeare composed much of his plays in what sort of verse?
ⓚ Alliterative verse ⓛ Sonnet form
ⓜ Iambic pentameter ⓝ Daetylic Haxameter
ব্যাখ্যা Shakespeare তার নাটকে Prose এবং Verse দুটি form-ই ব্যবহার করেছেন। তবে verse-এর ক্ষেত্রে সবচেয়ে বেশি ব্যবহার করেছেন blank verse, যার কোনো rhyme (অন্ত্যমিল) নেই আর কিছু নাটকে ব্যবহার করেছেন iambic pentameter verse অর্থাৎ পাঁচমাত্রার ছন্দবিশিষ্ট লাইন।

৬১. The repetition of beginning consonant sound is know as—
ⓚ personification ⓛ onomatopoeia
ⓜ alliteration ⓝ rhyme
ব্যাখ্যা দুটি পাশাপাশি শব্দের শুরুর উচ্চারণ বা যে কাব্যালংকারের প্রতিটি শব্দের প্রারম্ভে একই ব্যঞ্জন বা স্বরবর্ণের যদি পুনঃপুন ব্যবহার হয় তবে তাকে alliteration বা অনুপ্রাস বলে। অপরদিকে, কোনো বস্তু বা objects-কে সাহিত্যে মানুষ বা ব্যক্তিরূপ দান করাকে personification বলে। Onomatopoeia হলো অনুকার শব্দ বা কোনোকিছুর শব্দের অনুকরণে শব্দগঠন। Rhyme হলো শব্দের বা কবিতার চরণের মিল। সুতরাং প্রদত্ত অপশনগুলোর মধ্যে (গ) সঠিক উত্তর।

৬২. Which of the following is not a poetic tradition?
ⓚ The Epic ⓛ The Comic
ⓜ The Occult ⓝ The Tragic
ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে Epic হলো বড় ধরনের বর্ণনামূলক কবিতা, যাকে মহাকাব্য বলা হয়। Occult হলো অতিপ্রাকৃত বিষয় নিয়ে কাব্য রচনা করা হয়। Tragic হলো বিষাদময় ঘটনা যা নিয়েও কবিতা লেখা হয়। অপরদিকে comic হলো হাস্যকর বা কৌতুকপ্রদ কোনো কিছু। অপশনগুলোর ভিতরে comic কখনোই কবিতার ঐতিহ্য ছিল না। সুতরাং সঠিক উত্তর (খ)।

৬৩. What is a funny poem of five lines called?
ⓚ Quartet ⓛ Limerick
ⓜ Sixtet ⓝ Haiku
ব্যাখ্যা Quartet হলো চারজন লোকের একটি সংগীতদল। Limerick— পাঁচ লাইনের একটি হাস্যরসাত্মক কবিতা। Sixtet বলে কোনো শব্দ নেই। Haiku— তিন লাইনের একটি জাপানি কবিতা, যাতে সতেরটি অক্ষর থাকে। সুতরাং প্রদত্ত প্রশ্ন অনুসারে সঠিক উত্তর (খ)।

৬৪. Who wrote "Biographia Literaria"?
ⓚ Lord Byron ⓛ P.B. Shelley
ⓜ S.T. Coleridge ⓝ Charles Lamb
ব্যাখ্যা S.T. Coleridge একজন বিখ্যাত ইংরেজ কবি, যিনি অনেকগুলো বিখ্যাত কবিতা লিখেছেন। যেমন– The Rime of Ancient Mariner, Kubla Khan, Lyrical Ballad ইত্যাদি। Biographia Literaria তার বিখ্যাত সাহিত্যবিষয়ক গ্রন্থ। সঠিক উত্তর (গ)।

৬৫. Robert Browning was a — poet. Fill in the gap with appropriate word.
ⓚ Romantic ⓛ Victorian
ⓜ Modern ⓝ Elizathan
ব্যাখ্যা ইংরেজি সাহিত্যে 1798-1832 সময়কে Romantic Age, 1832-1901—Victorian Age, 1901-1939—Modern Age এবং 1558-1603 সময়কে Elizabethan Age বলে। Robert Browning (1812-1889) একজন গুরুত্বপূর্ণ Victorian poet।

৬৬. Othello gave Desdemona — as a token of love :
ⓚ Ring ⓛ Handkerchief
ⓜ Pendant ⓝ Bangles
ব্যাখ্যা উইলিয়াম শেক্সপিয়রের Othello নাটকে বহুল ব্যবহৃত শব্দটি হলো Handkerchief বা রুমাল। Othello তার সহধর্মিণী Desdemona-কে ভালোবাসার নিদর্শনস্বরূপ একটি Handkerchief উপহার দেয়, যা পরবর্তীতে Desdemona'র মৃত্যুর কারণ হয়ে দাঁড়ায়। সুতরাং সঠিক উত্তর (খ)।

৬৭. P.B. Shelley's 'Adonais' is an elegy on the death of—
ⓚ John Milton ⓛ S.T. Coleridge
ⓜ John Keats ⓝ Lord Byron

উত্তর
৫৮ ক
৫৯ খ
৬০ গ
৬১ গ
৬২ খ
৬৩ খ
৬৪ গ
৬৫ খ
৬৬ খ
৬৭ গ

www.examboi.net

ব্যাখ্যা Adonais হলো P.B. Shelley-এর লেখা একটি বিখ্যাত কবিতা। কবিতাটি তিনি ১৮২১ সালে তার বন্ধু John Keats-কে উৎসর্গ করেন। বন্ধুর অকালমৃত্যুতে ব্যথিত হয়ে কবি Keats-এর মৃত্যুর সাত সপ্তাহের মধ্যে কবিতাটি রচনা করেন। বন্ধুর অকাল প্রয়াণই কবিতাটির মূল বিষয়বস্তু। অতএব, সঠিক উত্তর (গ)।

৬৮. The comparison of unlike things using the words like on as is known to be—

ক metaphor খ simile
গ alliteration ঘ personification

ব্যাখ্যা Metaphor—দুটি ভিন্ন বস্তুর মধ্যে তুলনা, যেখানে as, like উহ্য থাকে। যেমন– She is a moon. Simile—দুটি ভিন্ন বস্তুর মধ্যে তুলনা, যা as, like, ইত্যাদি দ্বারা নির্দিষ্ট করে বোঝানো হয়। যেমন– She is like the moon. সুতরাং সঠিক উত্তর (খ)।

৬৯. 'Restoration period' in English literature refers to—

ক 1560 খ 1660 গ 1760 ঘ 1866

ব্যাখ্যা ইংরেজি সাহিত্যে Restoration period শুরু হয়েছে মূলত ১৬৬০ সালে, যার স্থায়িত্ব ছিল ১৬৮৮ সাল পর্যন্ত। সমগ্র ইংল্যান্ডকে একত্র করার মাধ্যমে তৎকালীন রাজা Charles II, ১৬৬০ সালে Restoration যুগের সূচনা করেন। অতএব সঠিক উত্তর (খ)।

৭০. 'The Sun Also Rises' is a novel written by—

ক Charles Dickens খ Hermanne Melville
গ Earnest Hemingway ঘ Thomas Hardy

ব্যাখ্যা Earnest Hemingway একজন বিখ্যাত আমেরিকান Novelist, playwright। তার বিখ্যাত বইগুলোর মধ্যে A Farewell to Arms, The Old Man and the Sea, The Sun Also Rises, For Whom the Bell Tolls ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর (গ)।

৭১. পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ গঠনকালে ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল ও ভাইসরয় ছিলেন—

ক লর্ড রিপন খ লর্ড কার্জন
গ লর্ড মিন্টো ঘ লর্ড হার্ডিঞ্জ

ব্যাখ্যা ব্রিটিশ শাসনামলে বাংলা, বিহার, উড়িষ্যা, মধ্য প্রদেশ ও আসামের কিছু অংশ নিয়ে গঠিত হয়েছিল বাংলা প্রদেশ বা বাংলা প্রেসিডেন্সি। এর আয়তন বড় হওয়ায় ১৯০৩ সালে বঙ্গভঙ্গের পরিকল্পনা গৃহীত হয়। ১৯০৪ সালে ভারত সচিব এটি অনুমোদন করেন এবং ১৯০৫ সালের জুলাই মাসে বঙ্গভঙ্গের পরিকল্পনা প্রকাশিত হয়। এ পরিকল্পনায় ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, আসাম, জলপাইগুড়ি, পার্বত্য ত্রিপুরা ও মালদহ নিয়ে গঠিত হয় পূর্ব বঙ্গ ও আসাম নামে নতুন প্রদেশ। এ প্রদেশ গঠনকালে ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল ও ভাইসরয় ছিলেন লর্ড কার্জন। বঙ্গভঙ্গ রদের সময় গভর্নর ছিলেন লর্ড হার্ডিঞ্জ।

৭২. ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল—

ক ধানের শীষ খ নৌকা
গ লাঙল ঘ বাইসাইকেল

ব্যাখ্যা পাকিস্তান শাসনামলে পূর্ব বাংলার প্রথম প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৫৪ সালের ১১ মার্চ। এ নির্বাচনে মুসলিম লীগের পরাজয় নিশ্চিত করতে আওয়ামী মুসলিম লীগ, কৃষক শ্রমিক দল, নেজামে ইসলাম ও গণতন্ত্রী দল একত্রিত হয়ে ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর গঠন করে যুক্তফ্রন্ট। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল নৌকা। ধানের শীষ ও লাঙ্গল যথাক্রমে বাংলাদেশের বর্তমান রাজনৈতিক দল বিএনপি ও জাতীয় পার্টির নির্বাচনী প্রতীক।

৭৩. ঐতিহাসিক ৬-দফাকে কিসের সাথে তুলনা করা হয়?

ক বিল অব রাইটস খ ম্যাগনাকার্টা
গ পিটিশন অব রাইটস ঘ মুখ্য আইন

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অর্থনৈতিক বৈষম্য থেকে মুক্তির জন্য ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলগুলোর সম্মেলনে ঐতিহাসিক 'ছয় দফা' কর্মসূচি পেশ করেন। এ কর্মসূচিকে বাংলার জনগণ ম্যাগনাকার্টা হিসেবে গ্রহণ করে। স্বয়ং বঙ্গবন্ধু এ ছয় দফাকে পূর্ব পাকিস্তানের 'বাঁচার দাবি' বলে অভিহিত করেন।

৭৪. বাংলাদেশের প্রথম স্বাধীন নবাব কে?

ক নবাব সিরাজউদ্দৌলা খ মুর্শিদ কুলী খান
গ ইলিয়াস শাহ ঘ আলাউদ্দিন হুসেন শাহ

ব্যাখ্যা ১৭০০ সালে শায়েস্তা খানের দক্ষ সুবাদার হিসেবে বাংলার ক্ষমতায় অধিষ্ঠিত হন মুর্শিদকুলী খান। তিনি অত্যন্ত দক্ষতা ও বিচক্ষণতার সাথে বাংলার ভঙ্গুর অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থার উন্নতি করতে সক্ষম হন। সম্রাট আওরঙ্গজেবের মৃত্যুর পর দুর্বল মুঘল সম্রাটগণ দূরবর্তী রাজ্যগুলোর দিকে দৃষ্টি দিতে পারেননি। ফলে এসব অঞ্চলের সুবাদারগণ অনেকটা স্বাধীনভাবে নিজেদের অঞ্চল শাসন করতে থাকেন। মুর্শিদকুলী খানও অনেকটা স্বাধীন হয়ে পড়েন। নবাব মুর্শিদ কুলী খানের সময় থেকেই বাংলা সুবা প্রায় স্বাধীন হয়ে পড়ে। ১৩৩৮ সালে ফখরুদ্দীন মোবারক শাহ বাংলার স্বাধীনতার সূচনা করলেও প্রকৃত স্বাধীনতা প্রতিষ্ঠা করেন শামসুদ্দীন ইলিয়াস শাহ। বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন নবাব সিরাজউদ্দৌলা। সুলতান আলাউদ্দীন হোসেন শাহ ছিলেন হুসেন শাহী যুগের শ্রেষ্ঠ সুলতান।

৭৫. আলুর একটি জাত—

ক ডায়মন্ড খ রূপালী
গ ড্রামহেড ঘ ব্রিশাইল

ব্যাখ্যা ডায়মন্ড আলুর একটি উন্নতজাতের নাম। ড্রামহেড একটি উন্নতজাতের বাঁধাকপি। রূপালি ও ডেলফোজ উন্নতজাতের তুলাবীজ। ব্রিশাইল একটি উন্নত জাতের ধান।

উত্তর

৬৮	খ
৬৯	খ
৭০	গ
৭১	খ
৭২	খ
৭৩	খ
৭৪	খ
৭৫	ক

www.exambd.net

৭৬. বাংলাদেশে সবচেয়ে বেশি উৎপাদিত হয়—
ক আউশ ধান খ আমন ধান
গ বোরো ধান ঘ ইরি ধান

ব্যাখ্যা *বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুযায়ী ২০১৬-১৭ অর্থবছরে বাংলাদেশে আউশ ধান উৎপাদনের পরিমাণ ২১.৩৪ লক্ষ মেট্রিক টন। আমন ধান উৎপাদন হয় ১৩৬.৫৬ লক্ষ মেট্রিক টন। আর বোরো ধান উৎপাদনের পরিমাণ ১৮০.১৬ লক্ষ মেট্রিক টন।*

৭৭. প্রধান বীজ উৎপাদনকারী সরকারি প্রতিষ্ঠান—
ক BARI খ BRRI
গ BADC ঘ BINA

ব্যাখ্যা *BARI-এর পূর্ণরূপ Bangladesh Agricultural Research Institute। এটি দেশের বৃহত্তম বহুবিধ ফসল গবেষণা প্রতিষ্ঠান। BINA (Bangladesh Institute of Nuclear Agriculture) বাংলাদেশের একটি পরমাণু কৃষি গবেষণা প্রতিষ্ঠান। BRRI (Bangladesh Rice Research Institute) ধান গবেষণা প্রতিষ্ঠান। আর BADC (Bangladesh Agricultural Development Corporation) বাংলাদেশে উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ বৃদ্ধি করা, সেচ প্রযুক্তি উন্নয়ন, ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার ও মানসম্পন্ন সার সরবরাহ করে।*

৭৮. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে নারী-পুরুষের অনুপাত—
ক ১০০ ঃ ১০৬ খ ১০০ ঃ ১০০.৬
গ ১০০ ঃ ১০০.৩ ঘ ১০০ ঃ ১০০

ব্যাখ্যা *বাংলাদেশের সর্বশেষ (পঞ্চম) আদমশুমারি ২০১১ অনুযায়ী নারীর সংখ্যা ৭,৪৭,৯১,৯৭৮ জন এবং পুরুষের সংখ্যা ৭,৪৯,৮৩,৩৮৬ জন। নারী ও পুরুষের অনুপাত ১০০ ঃ ১০০.৩।*

৭৯. সরকারি হিসাব মতে বাংলাদেশিদের গড় আয়ু—
ক ৬৫.৪ বছর খ ৬৭.৫ বছর
গ ৭০.৮ বছর ঘ ৭৩.৭ বছর

